পরিচালক পর্ষদের প্রতিবেদন

এসএমই ফাউন্ডেশনের ১৬তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষে ২০২০-২১ অর্থবছরে বাস্তবায়িত কার্যক্রমের ভিত্তিতে প্রণীত

এসএমই ফাউন্ডেশনের সাধারণ পর্ষদের সম্মানিত সদস্যবৃন্দ,

আসসালামু আলাইকুম

এসএমই ফাউন্ডেশনের ১৬তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষে সাধারণ পর্ষদের সম্মানিত সকল সদস্যকে পরিচালক পর্ষদের পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি। আজকের দিনটি ফাউন্ডেশনের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই দিনে এসএমই ফাউন্ডেশন পরিবারের সকল সদস্য একত্রিত হয়ে বিগত অর্থবছরের নিরীক্ষিত হিসাব বিবরণী অনুমোদনসহ ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়িত কার্যক্রম সম্পর্কে অবহিত হন। এই সভায় তাদের মূল্যবান বক্তব্য, সুচিন্তিত মতামত ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেন, যা পরবর্তী বার্ষিক কর্মপরিকল্পনা প্রস্তুতের ক্ষেত্রে গুরুত্ব সহকারে বিবেচনা করা হয়।

কোভিড-১৯ প্রেক্ষাপটে এসএমই ফাউন্ডেশনের সর্বশেষ ১৫তম বার্ষিক সাধারণ সভা ২৭ মার্চ ২০২১ আগারগাঁওস্থ পর্যটন ভবনে অনুষ্ঠিত হয়। সভায় ফাউন্ডেশনের ২০১৯-২০ অর্থবছরের নিরীক্ষিত হিসাব বিবরণীসহ অন্যান্য বিধিবদ্ধ বিষয় গৃহীত ও অনুমোদিত হয়। সভায় সাধারণ পর্ষদের সম্মানিত সদস্যবৃন্দ যে সকল মতামত, পরামর্শ, দিক নির্দেশনা ও সুপারিশ প্রদান করেন, তা ফাউন্ডেশনের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনায় প্রতিফলিত হয়েছে এবং বাস্তবায়িত হচ্ছে। এ প্রেক্ষিতে সম্মানিত সদস্যবৃন্দ ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনার ওপর মতামত ও পরামর্শ প্রদান করতে পারেন। পরিচালক পর্ষদ উক্ত মতামত ও পরামর্শের ওপর ভিত্তি করে ২০২২-২৩ অর্থবছরে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

ফাউন্ডেশনের কার্যক্রমের সাথে সাধারণ পর্ষদের সদস্যবৃন্দকে সংশ্লিষ্টকরণ এবং তাঁদের অভিজ্ঞ মতামত ও সুচিন্তিত পরামর্শ গ্রহণের লক্ষ্যে সাধারণ পর্ষদ এবং পরিচালক পর্ষদের সদস্যবৃন্দের সমন্বয়ে ১৩টি ওয়ার্কিং কমিটি গঠন করা হয়। ইতোমধ্যে সকল ওয়ার্কিং কমিটির একাধিক সভা অনুষ্ঠিত হয়েছে। কমিটির মতামতের ভিত্তিতে ফাউন্ডেশনের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা হচ্ছে।

করোনা ভাইরাস প্রাদুর্ভাবের কারণে ২০২০ সালের মার্চ থেকে কয়েক দফায় সরকার ঘোষিত সাধারণ ছুটির কারণে অন্যান্য সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের মতো ফাউন্ডেশনের কার্যক্রমও অনেকাংশে সঙ্কুচিত হয়। এরপর ধাপে ধাপে পরিস্থিতির উন্নয়ন এবং কার্যক্রম চালু হলেও সরকার নির্দেশিত অনুশাসন ও স্বাস্থ্যবিধির কারণে ফাউন্ডেশনের অনেক কার্যক্রম, বিশেষ করে ঢাকার বাইরের কর্মসূচিগুলো স্বাভাবিকভাবে পরিচালনা ও বাস্তবায়ন বাধাগ্রস্ত হয়। যদিও করোনার কারণে দেশের সব অঞ্চলের মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তারা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছেন। লকডাউনের কারণে উদ্যোক্তাদের ব্যবসা-বাণিজ্য ও লেনদেন প্রায় বন্ধ ছিল বিধায় তারা আর্থিকভাবে দুর্বল হয়ে পড়েন। পুনরায় ব্যবসা চালু করতে গিয়ে তারা প্রথমত: তহবিল সংকট এবং বাজারজাতকরণ সমস্যার সম্মুখীন হন। এ অবস্থায় এসএমই ফাউন্ডেশন অগ্রাধিকার ভিত্তিতে এসএমই উদ্যোক্তাদের জন্য সরকারের প্রণোদনার আওতায় ঋণ প্রাপ্তির লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করে। পাশাপাশি উদ্যোক্তাদের পণ্য বাজারজাতকরণে সহায়তাকল্পে বিশেষ কর্মসূচি বাস্তবায়ন করে, যা এখনো চলমান রয়েছে।

এ প্রসঙ্গে আমি অত্যন্ত আনন্দের সাথে উল্লেখ করতে চাই, করোনায় ক্ষতিগ্রস্ত দেশের গ্রামীণ ও প্রত্যন্ত অঞ্চলের প্রান্তিক ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের (নারী-উদ্যোক্তাসহ) সহজ শর্তে স্বল্প সুদে ঋণের আওতায় আনার লক্ষ্যে সরকার প্রথম দফার ২০,০০০ কোটি টাকার প্রণোদনার পর দ্বিতীয় দফায় আরো ১৫০০ কোটি টাকার প্রণোদনা ঘোষণা করে, যার আওতায় এসএমই ফাউন্ডেশনের জন্য ৩০০ কোটি টাকা বরাদ্দ করা হয়। বর্তমানে আরো ২০ হাজার কোটি টাকার সরকারি প্রণোদনা বিতরণের কার্যক্রম চলমান রয়েছে। আমি এসএমই ফাউন্ডেশনের পক্ষ হতে সরকার বিশেষ করে অর্থ বিভাগ ও শিল্প মন্ত্রণালয়কে বিশেষভাবে ধন্যবাদ জানাতে চাই। ২০২০-২১ অর্থবছরে দেড় মাসেরও কম সময়ে ১০০ কোটি টাকা এবং ২০২১-২২ অর্থবছরে মাত্র তিন মাসে ২০০ কোটি টাকা অর্থাৎ মাত্র সাড়ে চার মাসে ফাউন্ডেশন ৩১০৮জন ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তার কাছে ৩০০ কোটি টাকা ঋণ বিতরণ করতে সক্ষম হয়। এজন্য আমি ফাউন্ডেশনের পরিচালক পর্ষদ ও সাধারণ পর্ষদ সদস্যবৃন্দ, সংশ্লিষ্ট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান ও ফাউন্ডেশনের কর্মকর্তাগণকে ধন্যবাদ জানাচ্ছি।

এবারের বার্ষিক সাধারণ সভা বিভিন্ন কারণে গুরুত্বপূর্ণ ও অর্থবহ। আপনারা জানেন, করোনাভাইরাসের ক্ষতি কাটিয়ে উঠতে সিএমএসএমই উদ্যোক্তাদের জন্য মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রণোদনা প্যাকেজের আওতায় ফাউন্ডেশনের জন্য বরাদ্দকৃত ঋণ বিতরণ সফলভাবে বিতরণ করা হলেও এখনো অনেক উদ্যোক্তা ঋণের আওতার বাইরে রয়েছেন। আমরা বিষয়টি সরকারের নজরে আনার চেষ্টা করেছি। এছাড়া উদ্যোক্তাদের পণ্য বাজারজাতকরণ, পণ্য বহুমুখীকরণ, রপ্তানিমুখী পণ্য তৈরিসহ বিভিন্ন বিষয়েও ফাউন্ডেশনের পক্ষ থেকে উদ্যোগ নেয়া হচ্ছে। সে সকল দৃষ্টিকোণ থেকে এবারের বার্ষিক সাধারণ সভা আমাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমি আন্তরিকভাবে বিশ্বাস করি, সকলে মিলে আমরা এসএমই ফাউন্ডেশনকে একটি আধুনিক, গতিশীল এবং কার্যকর প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে পারবো, যাতে করে ফাউন্ডেশন দেশের এসএমই খাতের উন্নয়নের মাধ্যমে সরকারের বিভিন্ন লক্ষ্যমাত্রা অর্জনে একটি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান হিসেবে দায়িত্ব পালন করতে পারে।

২০২০-২১ অর্থবছরে এসএমই ফাউন্ডেশনের বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে সরাসরি সুবিধাভোগীর সংখ্যা মোট ৮,৫৩৭ জন ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা। জুলাই ২০২০ হতে জুন ২০২১ সময়ে গৃহীত ও বাস্তবায়িত সকল কার্যক্রমের ওপর ভিত্তি করে প্রণয়নকৃত পরিচালক পর্ষদের প্রতিবেদন সংক্ষিপ্তভাবে ক্রমান্বয়ে তুলে ধরা হয়েছে:

ফাইন্যান্স অ্যান্ড ক্রেডিট সার্ভিসেস

মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ২য় ধাপের প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ কর্মসূচি বাস্তবায়ন

কোভিড-১৯-এর প্রাদুর্ভাবের ফলে সম্ভাব্য অর্থনৈতিক ক্ষতি মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রী কুটির, অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি (সিএমএসএমই) খাতের জন্য ২০ হাজার কোটি টাকার প্রণোদনা প্যাকেজ ঘোষণা করেন। উক্ত প্রণোদনা প্যাকেজের আওতায় কুটির, অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা, বিশেষ করে পল্লী ও প্রান্তিক পর্যায়ের উদ্যোক্তারা কাঙ্ক্ষিত মাত্রায় ঋণপ্রাপ্ত হননি, এমন বাস্তবতার প্রেক্ষিতে ব্যাংকিং ব্যবস্থার পাশাপাশি সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থা/প্রতিষ্ঠানের মাধ্যমে ঋণ কার্যক্রমের পরিধি বাড়ানো, নারী-উদ্যোক্তা উন্নয়নে পদক্ষেপ নেয়া ও দারিদ্র্য হ্রাসের লক্ষ্যমাত্রা অর্জন অব্যাহত রাখতে সরকার পল্লী এলাকার প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে কুটির, অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পখাতকে লক্ষ্য করে আটটি প্রতিষ্ঠানের মাধ্যমে মোট ১৫০০ কোটি টাকার নতুন প্রণোদনা প্যাকেজ ঘোষণা করে। উক্ত প্যাকেজের আওতায় এসএমই ফাউন্ডেশনের অনুকূলে ৩০০ কোটি টাকা বরাদ্দ দেয়া হয়।

এসএমই ফাউন্ডেশনের অনুকূলে বরাদ্দকৃত অর্থ দ্রুততম সময়ে ঋণ হিসেবে উদ্যোক্তাদের মধ্যে বিতরণ ও এ বিষয়ে নীতিমালা প্রণয়নের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের ক্রেডিট হোলসেলিং কর্মসূচির অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক ও এসএমই বিভাগের প্রধানদের অংশগ্রহণে একটি মতবিনিময় সভা আয়োজন করা হয়। ২১ জানুয়ারি ২০২১ এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানের সভাপতিত্বে মতবিনিময় সভায় সম্মানিত অতিথি ছিলেন অর্থ বিভাগের অতিরিক্ত সচিব ও এসএমই ফাউন্ডেশন পরিচালক পর্ষদ সদস্য জনাব মো. আজিজুল আলম। সভায় ২২টি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ সরাসরি এবং ১৫টি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ অনলাইনে অংশগ্রহণ করেন। সভায় প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ বিতরণের ক্ষেত্রে নীতিমালার শর্তাবলীর বিষয়ে আলোচনা করা হয় এবং এসএমই ফাউন্ডেশনের অনকূলে বরাদ্দকৃত অর্থ বিতরণের ক্ষেত্রে দেশের এসএমই ক্লাস্টার, নারী-উদ্যোক্তা, পিছিয়ে পড়া প্রত্যন্ত অঞ্চলের উদ্যোক্তাদের অগ্রাধিকার দেয়ার জন্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তাদের অনুরোধ জানানো হয়।

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সাথে মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান

ফাউন্ডেশনের অনকূলে বরাদ্দকৃত প্রণোদনা তহবিল হতে উদ্যোক্তাদের মধ্যে ঋণ বিতরণের উদ্দেশ্যে ঋণ নীতিমালা প্রণয়নের লক্ষ্যে সারাদেশের এসএমই সংশ্লিষ্ট ট্রেডবডি, অ্যাসোসিয়েশন, নারী-উদ্যোক্তা সংগঠন ও এসএমই ক্লাস্টারের প্রতিনিধিদের সাথেও একাধিক মতবিনিময় সভার আয়োজন করা হয়। এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক, উর্ধ্বতন নির্বাহীগণ ও সংশ্লিষ্ট শাখার কর্মকর্তাগণ এসব সভায় অংশগ্রহণ করেন।

নারী-উদ্যোক্তা, এসএমই অ্যাসোসিয়েশন ও চেম্বারের প্রতিনিধিদের সাথে অনলাইনে আয়োজিত মতবিনিময় সভায় অংশগ্রহণকারীদের একাংশ

২৩ ফেব্রুয়ারি ২০২১ অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় হতে ২০২০-২১ অর্থবছরের জন্য এসএমই ফাউন্ডেশনের অনুকূলে ১০০ কোটি টাকা তহবিল বরাদ্দের প্রজ্ঞাপন জারি করা হয়। অর্থ বিভাগের প্রজ্ঞাপন ও এসএমই ফাউন্ডেশনের ক্রেডিট হোলসেলিং মডেলের অভিজ্ঞতার আলোকে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধি ও উদ্যোক্তা প্রতিনিধিদের মতামতের ভিত্তিতে ঋণ বিতরণ নীতিমালা প্রণয়ন করা হয়। ২১ মার্চ ২০২১ ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত পরিচালক পর্ষদের সভায় ঋণ বিতরণ বিষয়ক উক্ত নীতিমালা ও নির্দেশিকা অনুমোদন করা হয়।

ঋণ বিতরণ নীতিমালার উল্লেখযোগ্য দিকসমূহ নিম্নরূপ:

করোনা মহামারির কারণে গ্রামীণ এবং প্রান্তিক পর্যায়ের ক্ষতিগ্রস্ত অতি ক্ষুদ্র (মাইক্রো), ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা, বিশেষ করে যারা:

- প্রণোদনা প্যাকেজের আওতায় ইতোপূর্বে ঋণপ্রাপ্ত হননি এমন উদ্যোক্তা;
- অগ্রাধিকারভুক্ত এসএমই সাব-সেক্টর এবং ক্লাস্টারের উদ্যোক্তা এবং ভ্যালু চেইনের আওতাভুক্ত উদ্যোক্তা;
- সারাদেশের নারী-উদ্যোক্তা;
- নতুন উদ্যোক্তা অর্থাৎ যারা এখনো ব্যাংক হতে ঋণ পাননি;
- পশ্চাৎপদ অঞ্চল, উপজাতীয় অঞ্চল, শারীরিকভাবে অক্ষম এবং তৃতীয় লিঙ্গের উদ্যোক্তা; এবং
- দেশের বিভিন্ন অঞ্চলে অবস্থিত ট্রেডবডি, এসএমই অ্যাসোসিয়েশন, নারী-উদ্যোক্তা সংগঠন, নাসিব, উদ্যোক্তা উন্নয়ন নিয়ে কাজ করে এ ধরনের সরকারি-বেসরকারি সংস্থাসহ জেলা ও উপজেলা প্রশাসনের সুপারিশকৃত উদ্যোক্তা।

বিশেষ অগ্রাধিকার:

- ঋণ বিতরণের ক্ষেত্রে নারী-উদ্যোক্তাদের অগ্রাধিকার প্রদান করা হবে এবং মোট ঋণের ন্যূনতম ৩০ শতাংশ নারী-উদ্যোক্তাদের অনুকূলে বিতরণের উদ্যোগ গ্রহণ করা হবে;
- উৎপাদনশীল ও সেবামূলক ব্যবসার সাথে সংশ্লিষ্ট উদ্যোক্তাদের অনুকূলে ন্যূনতম ৭০ শতাংশ ঋণ বিতরণের জন্য প্রয়োজনীয় উদ্যোগ ও পদক্ষেপ গ্রহণ করা হবে। শুধুমাত্র নারী-উদ্যোক্তাদের ক্ষেত্রে এ হার ৬০ শতাংশ হতে পারবে। তবে সামগ্রিক ঋণের ক্ষেত্রে (নারী ও পুরুষ উদ্যোক্তা মিলিয়ে) উৎপাদনশীল ও সেবামূলক খাতে ঋণ বিতরণ ৭০ শতাংশের কম হবে না।
- প্রান্তিক পর্যায়ের ক্ষুদ্র উদ্যোক্তাদের সহায়তার উদ্দেশ্যে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের বিতরণকৃত মোট ঋণ/তহবিলের

ন্যূনতম ৫০ শতাংশ তহবিল ২০ লক্ষ বা তদনিম্ন (ঋণের আকার) পরিমাণের ঋণ বিতরণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে;
- অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান ঋণ বিতরণের ক্ষেত্রে ক্লাস্টার ও ক্লাস্টার ভ্যালু চেইনের উদ্যোক্তাদের ন্যূনতম ১০ শতাংশ ঋণ প্রদানের প্রচেষ্টা গ্রহণ করবে।

প্রণীত নীতিমালা অনুযায়ী প্রণোদনা প্যাকেজের আওতায় উদ্যোক্তা পর্যায়ে সর্বোচ্চ ৪% সুদ নির্ধারণ করা হয়। গ্রাহক পর্যায়ে ঋণের সীমা নির্ধারণ করা হয় সর্বনিম্ন ১ লাখ টাকা থেকে সর্বোচ্চ ৭৫ লাখ টাকা পর্যন্ত। ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে সর্বোচ্চ ২৪টি সমান মাসিক কিস্তিতে ঋণ পরিশোধসূচি নির্ধারিত হয় নীতিমালায়।

কোভিড পরিস্থিতির মধ্যে ফাউন্ডেশনের অনুকূলে বরাদ্দকৃত তহবিল নির্ধারিত সময়ের (৩০ জুন ২০২১) মধ্যে উদ্যোক্তা পর্যায়ে বিতরণের লক্ষ্যে ফাউন্ডেশন হতে সর্বোচ্চ গুরুত্ব প্রদান করা হয়। এ লক্ষ্যে ৯টি ব্যাংক ও ৩টি আর্থিক প্রতিষ্ঠানসহ ১২টি প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি স্বাক্ষর করা হয় এবং অংশীদার আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তাদের ঋণ কর্মসূচি ও ঋণ বিতরণের শর্তাবলী বিষয়ে অবহিতকরণ ও ঋণ বিতরণ ত্বরান্বিতকরণে করণীয় বিষয়ে ১০টি সভা আয়োজন করা হয়।

এসএমই ফাউন্ডেশনের সঙ্গে বেক্সল কমার্শিয়াল ব্যাংক লিমিটেডের চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান

১১ মে ২০২১ অনলাইনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিল্পমন্ত্রী জনাব নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি প্রধান অতিথি হিসেবে প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ বিতরণ কর্মসূচির উদ্বোধন করেন। এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানের সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন মাননীয় শিল্প প্রতিমন্ত্রী জনাব কামাল আহমেদ মজুমদার এমপি। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন মিউচুয়াল ট্রাস্ট ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক জনাব সৈয়দ মাহবুবুর রহমান এবং প্রিমিয়ার ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক জনাব রিয়াজুল করিম। এসএমই ফাউন্ডেশনের পরিচালক পর্ষদের সদস্যগণ এবং সংশ্লিষ্ট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

ঋণ বিতরণ কার্যক্রমে গতি আনয়নের লক্ষ্যে ২৭ মে ২০২১ উন্মুক্ত ঋণ বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। শিল্প মন্ত্রণালয়ে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মাননীয় শিল্পমন্ত্রী জনাব নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি। বিশেষ অতিথি ছিলেন মাননীয় শিল্প প্রতিমন্ত্রী জনাব কামাল আহমেদ মজুমদার এমপি এবং শিল্পসচিব জনাব জাকিয়া সুলতানা। এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে ব্যাংক এশিয়া লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

সরকারের প্রণোদনা প্যাকেজের আওতায় ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের মাঝে ঋণ বিতরণ অনুষ্ঠানে শিল্পমন্ত্রী জনাব নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি, শিল্পসচিব জাকিয়া সুলতানাসহ অতিথিবৃন্দের সাথে ঋণপ্রাপ্ত উদ্যোক্তাগণ

প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ বিতরণ ত্বরান্বিত করার লক্ষ্যে ঋণের বিষয়ে উদ্যোক্তাদের অবহিতকরণ এবং প্রকৃত ক্ষতিগ্রস্ত ও পিছিয়ে পড়া উদ্যোক্তাদের ঋণ পাওয়া নিশ্চিত করা এবং উদ্যোক্তা-ব্যাংকার সম্পর্ক তৈরির মাধ্যমে ঋণপ্রাপ্তি নিশ্চিত করার উদ্দেশ্যে বিভিন্ন ক্লাস্টার, অ্যাসোসিয়েশন, চেম্বার, সেক্টর প্রতিনিধিবৃন্দ ও উদ্যোক্তাদের অংশগ্রহণে ১০টির বেশি সভা আয়োজন করা হয়।

সরকারের প্রণোদনা প্যাকেজের আওতায় ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের মাঝে ঋণ বিতরণের উদ্বোধনী অনুষ্ঠানে শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি, শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার এমপিসহ অংশগ্রহণকারীদের একাংশ

প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ প্রাপ্তির নিয়মাবলী, ঋণ বিতরণ অবস্থা, ঋণ প্রাপ্তিতে উদ্যোক্তাবৃন্দ কী ধরনের প্রতিবন্ধকতার মুখোমুখি হচ্ছেন এবং উত্তরণের সম্ভাব্য পন্থা নিয়ে সভায় আলোচনা করা হয়। এসব অনুষ্ঠানে বিভিন্ন এসএমই ক্লাস্টার, বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি (BEIOA), বাংলাদেশ প্লাস্টিক গুডস ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (BPGMEA) ও বাংলাদেশ ইলেকট্রিক্যাল মার্চেন্ডাইস ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন (BEMMA) এর ঋণ গ্রহণে আগ্রহী উদ্যোক্তাগণ অংশগ্রহণ করেন। দেশের প্রায় ৫০টির বেশি এসএমই ক্লাস্টার, ৫০টির বেশি চেম্বার ও অ্যাসোসিয়েশনের নেতৃবৃন্দ এবং নারী-উদ্যোক্তাগণ এসব সভায় অংশগ্রহণ করেন। এছাড়া, বিভিন্ন ক্লাস্টার, অ্যাসোসিয়েশন, সেক্টর হতে ক্ষতিগ্রস্ত উদ্যোক্তাদের তালিকা সংগ্রহপূর্বক অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে প্রেরণ করা হয় এবং ফাউন্ডেশন হতে ফলোআপ করা হয়।

প্রণোদনা প্যাকেজের আওতায় ১০০ কোটি টাকা ঋণ বিতরণের সার্বিক চিত্র

এসএমই ফাউন্ডেশনের অনুকূলে ছাড়কৃত ১০০ কোটি টাকা ৩০ জুন ২০২১-এর মধ্যে বিতরণ সম্পন্ন হয়েছে। উক্ত ১০০ কোটি টাকা মোট

৯২৫জন উদ্যোক্তার অনুকূলে ১০টি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে বিতরণ করা হয়, বিতরণকৃত অর্থের গড় ঋণ ১০.৮১ লক্ষ টাকা।

২০২০-২১ অর্থবছরে বিতরণকৃত ১০০ কোটি টাকা ঋণের সারমর্ম নিম্নরূপ:

- মোট ৯২৫জন উদ্যোক্তাকে ঋণ বিতরণ করা হয়;
- ঋণের ৬৬.৭৫% পুরুষ-উদ্যোক্তা ও ৩৩.২৫% নারী-উদ্যোক্তাদের মধ্যে বিতরণ করা হয়;
- ঋণপ্রাপ্ত উদ্যোক্তাদের ৮৩.২৪% ঢাকার বাহিরের;
- প্রায় ৩৬% উদ্যোক্তা ৫ লক্ষ টাকার কম অংকের ঋণ নিয়েছেন;
- ঋণপ্রাপ্ত উদ্যোক্তাদের মধ্যে ৯৮% ক্ষুদ্র ও অতি ক্ষুদ্র শ্রেণির উদ্যোক্তা;
- ঋণপ্রাপ্ত উদ্যোক্তাদের মধ্যে ৬৬% উৎপাদন ও সেবা খাতের অন্তর্ভুক্ত;





ঋণ বিতরণ নীতিমালায় নারী-উদ্যোক্তাদের অনুকূলে ন্যূনতম ২৫ শতাংশ ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। বিতরণকৃত ১০০ কোটি টাকার ঋণপ্রাপ্ত ৯২৫জন উদ্যোক্তার মধ্যে নারী-উদ্যোক্তা ২৮০জন (৩০.২৭%) এবং পুরুষ-উদ্যোক্তা ৬৪৫জন (৬৯.৭৩%)। মোট ঋণপ্রাপ্ত ৯২৫জন উদ্যোক্তার মধ্যে ৩৩৩জন উদ্যোক্তাকে ১-৫ লক্ষ টাকা অংকের ঋণ বিতরণ করা হয়েছে। টাকার অংকে যার পরিমাণ ১৩ কোটি টাকা, গড় ঋণ প্রায় ৩.৯০ লক্ষ টাকা। ৩০৫জন উদ্যোক্তাকে ৫-১০ লক্ষ টাকা অংকের ঋণ বিতরণ করা হয়েছে। টাকার অংকে যার পরিমাণ ২৬.১৫ কোটি টাকা, গড় ঋণ প্রায় ৮.৫২ লক্ষ টাকা এবং ২০৩জন উদ্যোক্তাকে ১০-২০ লক্ষ টাকা অংকের ঋণ বিতরণ করা হয়েছে। টাকার অংকে যার পরিমাণ ৩৩ কোটি টাকা, গড় ঋণ ১৬.২৫ লক্ষ টাকা, অর্থাৎ, ঋণপ্রাপ্ত ৯২৫জন উদ্যোক্তার মধ্যে ৮৪১জন (প্রায় ৯১ শতাংশ) উদ্যোক্তাকে ১-২০ লক্ষ টাকা অংকের ঋণ বিতরণ করা হয়েছে, যা সরকারের প্রণোদনা ঘোষণার সাথে সঙ্গতিপূর্ণ।



ঋণ বিতরণ নীতিমালায় উৎপাদন ও সেবামূলক ব্যবসায়ের সঙ্গে সংশ্লিষ্ট উদ্যোক্তাদের অনুকূলে ন্যূনতম ৫০ শতাংশ ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। বিতরণকৃত ১০০ কোটি টাকার ৪৯.৮৫ কোটি টাকা (৪৯.৮৫%) উৎপাদন খাতে, ১৬.৩২ কোটি টাকা (১৬.৩২%) সেবা খাতে এবং ৩৩.৮৩ কোটি টাকা (৩৩.৮৩%) ব্যবসা খাতে বিতরণ করা হয়েছে। ঋণপ্রাপ্ত উদ্যোক্তাদের মধ্যে ৪৭৮জন (৫১.৬৮%) উৎপাদন খাত, ১১৫জন (১২.৪৩%) সেবা খাত এবং ৩৩২জন (৩৫.৮৯%) ব্যবসা খাতের সঙ্গে সংশ্লিষ্ট।



বিতরণকৃত ১০০ কোটি টাকার মধ্যে ৪৪.৫০৩ (৪৪.৫০৩%) কোটি টাকা অতি ক্ষুদ্র উদ্যোক্তাদের মধ্যে, ৫৩.৩৪৮ (৫৩.৩৪৮%) কোটি টাকা ক্ষুদ্র উদ্যোক্তাদের মধ্যে এবং ২.১৪৯ (২.১৪৯%) কোটি টাকা মাঝারি খাতের উদ্যোক্তাদের মধ্যে বিতরণ করা হয়েছে। ঋণপ্রাপ্ত উদ্যোক্তাদের মধ্যে অতি ক্ষুদ্র খাতের উদ্যোক্তা ৫৮৩জন (৬৩.৩২%), ক্ষুদ্র খাতের উদ্যোক্তা ৩৩৬জন (৩৬.৩২%) এবং মাঝারি খাতের উদ্যোক্তা ৬জন (০.৬৫%)।

সিএমএসএমই খাতের জন্য সরকার ঘোষিত ২০,০০০ কোটি টাকার প্রণোদনা প্যাকেজ বাস্তবায়নে ফাউন্ডেশন কর্তৃক গৃহীত কার্যক্রম

কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের সক্ষমতা অক্ষুণ্ন রাখা এবং শিল্প কারখানায় নিয়োজিত জনবলকে কাজে বহাল রাখার উদ্দেশ্যে ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে স্বল্প সুদে চলতি মূলধন ঋণ/বিনিয়োগ সুবিধা প্রবর্তনের জন্য ২০২০ সালের এপ্রিলে মাননীয় প্রধানমন্ত্রী ২০ হাজার কোটি টাকার প্রণোদনা প্যাকেজ ঘোষণা করেন। শিল্প মন্ত্রণালয়ের পক্ষ থেকে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রণোদনা প্যাকেজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য 'এসএমই খাত উজ্জীবন সংক্রান্ত কমিটি' গঠন করা হয়। পরবর্তীতে এই কমিটির সুপারিশের প্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগের অনুমোদনক্রমে শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে জেলা প্রশাসককে আহ্বায়ক করে 'জেলা এসএমই ঋণ বিতরণ মনিটরিং কমিটি' গঠন করা হয়। এই কমিটির সদস্য হিসেবে এসএমই ফাউন্ডেশনের কর্মকর্তাগণ নিয়মিত সভায় অংশগ্রহণ করে ক্ষতিগ্রস্ত উদ্যোক্তাদের তালিকা প্রণয়ন, লিড ব্যাংকের সক্রিয় দায়িত্ব পালন ও প্রতিটি ব্যাংকের শাখায় হেল্প ডেস্ক স্থাপন, স্থানীয়ভাবে অধিক প্রচার-প্রচারণা ও উপখাত ভিত্তিক ঋণ বিতরণের বিষয়ে গুরুত্ব প্রদান করে মতামত ও পরামর্শ দিয়েছেন।

প্রণোদনা প্যাকেজ বাস্তবায়নে জেলা এসএমই ঋণ বিতরণ কমিটির একটি সভায় উপস্থিতির একাংশ

উল্লেখ্য, ফাউন্ডেশন প্রণোদনা প্যাকেজ সুষ্ঠুভাবে বাস্তবায়ন তথা প্রান্তিক উদ্যোক্তাদের জন্য ঋণ প্রাপ্তি সহজীকরণের উদ্দেশ্যে একটি গাইডলাইন প্রণয়ন করেছে। এছাড়া জেলা এসএমই ঋণ মনিটরিং কমিটিকে সার্বিক সহায়তার উদ্দেশ্যে একটি ঋণ মনিটরিং ফরম্যাট তৈরি ও বিতরণ, উদ্যোক্তাদের প্রয়োজনীয় তথ্য প্রদানের জন্য ফোকাল পার্সন নির্বাচন, বিভিন্ন জেলা কমিটির নিকট সার্কুলারসহ প্রয়োজনীয় ডকুমেন্টস প্রেরণসহ বিভিন্ন কার্যক্রম এসএমই ফাউন্ডেশন বাস্তবায়ন করছে।

বিজনেস সাপোর্ট সার্ভিসেস

এসএমই ফাউন্ডেশন ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোক্তা উন্নয়নে ব্যবসা সহায়ক বিভিন্ন ধরনের সহায়তা প্রদান করে। যেমন: এসএমই পণ্যের প্রচার, প্রসার ও বাজার সম্প্রসারণ; ভোক্তা ও উদ্যোক্তাদের মাঝে পারস্পরিক সংযোগ স্থাপন; অ্যাডভাইজারি সার্ভিস সেন্টারের মাধ্যমে নতুন ব্যবসা সৃষ্টি ও পরিচালনার বিষয়ে দিক নির্দেশনা, বিভিন্ন ধরনের তথ্য ও উপাত্ত দিয়ে সহায়তা প্রদান; ব্যবসায়িক তথ্যাবলির সহায়িকা/ম্যানুয়াল প্রকাশ ও বিতরণ, জাতীয় ও আঞ্চলিক এসএমই পণ্য মেলা, জাতীয় এসএমই উদ্যোক্তা পুরস্কার প্রদান, দেশে বিদেশে আন্তর্জাতিক মেলায় অংশগ্রহণে সহায়তা প্রভৃতি।

এ যাবত ৯টি জাতীয় এসএমই মেলা, ১২৩টি জেলাভিত্তিক আঞ্চলিক এসএমই পণ্য মেলা এবং জাতীয় পর্যায়ে ৪টি হেরিটেজ হ্যান্ডলুম ফেস্টিভ্যাল আয়োজন করা হয়েছে। জাতীয় ও আঞ্চলিক এসএমই পণ্য মেলায় মোট ৬,৮০০জন এসএমই উদ্যোক্তা তাঁদের পণ্য প্রদর্শন করে ৭৬ কোটি টাকা বিক্রয় এবং ৮৮ কোটি টাকার বিভিন্ন পণ্যের অর্ডার গ্রহণে সক্ষম হয়েছেন। ১৫৩জন এসএমই উদ্যোক্তাকে ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা, আইপিইউ মেলা, সিপিএ মেলাসহ দেশে-বিদেশে (জার্মানি, জাপান, ভারত, চীন, কাতার) আন্তর্জাতিক মেলায় তাঁদের উৎপাদিত পণ্যসহ অংশগ্রহণ করতে সহযোগিতা করেছে। এসএমই উদ্যোক্তাদের উৎসাহিতকরণের লক্ষ্যে ২০০৮ সাল থেকে ৪২জন উদ্যোক্তাকে এসএমই উদ্যোক্তা পুরস্কার প্রদান করা হয়েছে, তাঁদের মধ্যে ২৬জন নারী, ১৫জন পুরুষ এবং ১জন তৃতীয় লিঙ্গের উদ্যোক্তা।

করোনাজনিত পরিস্থিতির কারণে ২০২০-২১ অর্থবছরে জাতীয় এসএমই পণ্য মেলা আয়োজন করা সম্ভব হয়নি। তবে এ পরিস্থিতির মধ্যেও অনলাইনে আঞ্চলিক এসএমই পণ্য মেলা ও হেরিটেজ হ্যান্ডলুম ফেস্টিভ্যাল আয়োজনসহ জাতীয় ও আন্তর্জাতিক মেলায় অংশগ্রহণ, প্রশিক্ষণ ও কর্মশালাসহ ৪৩টি কর্মসূচি বাস্তবায়ন করেছে বিজনেস সাপোর্ট সার্ভিসেস উইং। এসব কর্মসূচিতে অংশগ্রহণ করেছেন ৪৫১জন ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা। উল্লেখযোগ্য কর্মসূচিসমূহের বিবরণ নিম্নে উল্লেখ করা হলো:

অনলাইনে আঞ্চলিক এসএমই পণ্য মেলা ২০২১ আয়োজন

অনলাইনে আয়োজিত আঞ্চলিক এসএমই পণ্য মেলার ওয়েব সাইট

এসএমই উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের প্রচার ও প্রসারের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশন প্রতি বছর 'আঞ্চলিক এসএমই পণ্য মেলা' আয়োজন করে। দেশের সকল বিভাগীয় শহর, জেলা এবং প্রত্যন্ত অঞ্চল থেকে এসএমই প্রতিষ্ঠান তাদের উৎপাদিত পণ্য নিয়ে এই মেলায় অংশগ্রহণ করে থাকে। চলমান করোনা পরিস্থিতি বিবেচনায় জনসমাগম এড়াতে এবং সরকারের নির্দেশনার আলোকে এসএমই ফাউন্ডেশন সরকারের a2i, ekShop এর কারিগরি সহায়তায় ৩ মে-৩১ জুলাই ২০২১ ৩৮টি জেলার উদ্যোক্তাদের অংশগ্রহণে (www.smemelabd.com) অনলাইন পেজে 'আঞ্চলিক এসএমই পণ্য মেলা ২০২১' আয়োজন করে। জেলাগুলো হলো, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, বরিশাল, সিলেট ও ময়মনসিংহ, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, মুন্সিগঞ্জ, ফরিদপুর, মাদারীপুর, মাণিকগঞ্জ, রাজবাড়ী, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, লক্ষ্মীপুর, নোয়াখালী, রাঙ্গামাটি, কক্সবাজার, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, নড়াইল, বাগেরহাট, বগুড়া, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, পাবনা, পঞ্চগড়, ঠাকুরগাঁও, নীলফামারী, কুড়িগ্রাম, ঝালকাঠি, বরগুনা, হবিগঞ্জ, জামালপুর ও নেত্রকোনা।

অনলাইনে আঞ্চলিক এসএমই পণ্য মেলা'র উদ্বোধনীতে ফাউন্ডেশনের চেয়ারপার্সন, ব্যবস্থাপনা পরিচালকসহ অংশগ্রহণকারীদের একাংশ

৩ মে ২০২১ অনলাইনে আঞ্চলিক এসএমই পণ্য মেলার উদ্বোধন করেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান। এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানের সঞ্চালনায় অনুষ্ঠানে এটুআই এর প্রতিনিধি অনলাইন মেলা সম্পর্কে ধারণা প্রদান করেন। অনুষ্ঠানে ফাউন্ডেশনের পরিচালক পর্ষদের সদস্যবৃন্দ, এসএমই ফাউন্ডেশনের কর্মকর্তাবৃন্দ, এটুআই-এর কর্মকর্তাবৃন্দ ও অন্যান্য অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।

অনলাইনে হেরিটেজ হ্যান্ডলুম ফেস্টিভ্যাল ২০২০ আয়োজন

অনলাইনে হেরিটেজ হ্যান্ডলুম ফেস্টিভ্যাল ২০২০-এর উদ্বোধনী অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এমপি, সমাপনী অনুষ্ঠানে শিল্পমন্ত্রী জনাব নুরুল মজিদ মাহমুদ হুমায়ুন এমপিসহ অংশগ্রহণকারীদের একাংশ

বাংলাদেশের গৌরবময় ঐতিহ্য ও কৃষ্টির অংশ ঐতিহ্যবাহী তাঁতপণ্যের প্রস্তুতকারক ও শীর্ষস্থানীয় ডিজাইনারদের মধ্যে সংযোগ স্থাপন, বিলুপ্তি রোধকরণ এবং সর্বোপরি দেশে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে এসএমই ফাউন্ডেশন এবং অ্যাসোসিয়েশন অব ফ্যাশন ডিজাইনার্স বাংলাদেশ (এএফডিবি) টানা তৃতীয়বারের মত আয়োজন করেছে হেরিটেজ হ্যান্ডলুম ফেস্টিভ্যাল। মেলার শ্লোগান 'আমার পণ্য আমার দেশ, ডিজিটাল বাংলাদেশ'। কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় হেরিটেজ হ্যান্ডলুম ফেস্টিভ্যাল আয়োজন করা হয় অনলাইনে। মেলার

অনলাইন পেজ-এ বয়নশিল্প প্রদর্শন, লাইভ ফ্যাশন শো'র পাশাপাশি ৭০টিরও বেশি অনলাইন স্টলে ক্রেতা-দর্শনার্থীদের জন্য প্রদর্শন করা হয় শাড়ী-লুঙ্গি-গামছা, খাদি, নকশীকাঁথা, বেনারসি শাড়ী, টাঙ্গাইল শাড়ী, জামদানি শাড়ী, মনিপুরী কাপড়, রাঙ্গামাটির চাকমাসহ অন্যান্য ক্ষুদ্র নৃগোষ্ঠীর কাপড় ও হস্তশিল্প পণ্য। এ ছাড়াও ছিল পাটজাত পণ্য, বাঁশ ও বেতজাত পণ্য। এছাড়া খাতভিত্তিক পণ্যের ইতিহাস নিয়ে ছিল তথ্যচিত্র, পণ্য সম্পর্কে ক্রেতাদের ধারণা প্রদান, অনলাইন সেমিনারসহ নানা আয়োজন। ফেস্টিভ্যালে অংশগ্রহণ করেন বিভিন্ন অ্যাসোসিয়েশন, ডিজাইনার, শিল্পী, তাঁতীসহ ঐতিহ্যবাহী পণ্যের উদ্যোক্তাগণ। ফেস্টিভ্যালে লোকজ শিল্পীদের সঙ্গীত পরিবেশনা, ফ্যাশন শো, দেশী পোশাক বিষয়ে কুইজ ও ফটো কনটেস্ট, সেমিনার, ক্রেতা-বিক্রেতা ম্যাচমেকিং ইভেন্টের আয়োজন করা হয়।

২৮ অক্টোবর ২০২০ অনলাইনে আয়োজিত অনুষ্ঠানে ফেস্টিভ্যালের উদ্বোধন করেন প্রধান অতিথি শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এমপি। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী জনাব শাহরিয়ার আলম এমপি এবং শিল্পসচিব তৎকালীন কে এম আলী আজম। সভাপতিত্ব করেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান। স্বাগত বক্তব্য রাখেন এসএমই ফাউন্ডেশনের তৎকালীন ব্যবস্থাপনা পরিচালক মো. সফিকুল ইসলাম এবং ফেস্টিভ্যালের নানা দিক তুলে ধরে বক্তব্য রাখেন অ্যাসোসিয়েশন অব ফ্যাশন ডিজাইনার্স বাংলাদেশ (এএফডিবি) সভাপতি মানতাশা আহমেদ।

২৯ অক্টোবর ২০২০ অনলাইনে হেরিটেজ হ্যান্ডলুম ফেস্টিভ্যালের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি। বিশেষ অতিথি ছিলেন সংস্কৃতি প্রতিমন্ত্রী কে এম খালিদ এমপি, বস্ত্র ও পাট সচিব জনাব লোকমান হোসেন মিয়া এবং ফাউন্ডেশনের পরিচালনা পর্ষদ সদস্য এনায়েত হোসেন চৌধুরী। এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন ফাউন্ডেশনের তৎকালীন ব্যবস্থাপনা পরিচালক মো. সফিকুল ইসলাম এবং অ্যাসোসিয়েশন অব ফ্যাশন ডিজাইনার্স অব বাংলাদেশ (এএফডিবি) এর সভাপতি মানতাশা আহমেদ।

কোভিড-১৯ এর কারণে এসএমই উদ্যোক্তাদের ক্ষতি কাটিয়ে উঠতে দেশী পণ্যের ব্যবহার বাড়ানোর উদ্বুদ্ধকরণ কর্মসূচি

উদ্বোধনী অনুষ্ঠানে শিল্পমন্ত্রী জনাব নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি ও বিশেষ অতিথি বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি এমপিসহ আশ্রয়ণকারীদের একাংশ

করোনাভাইরাসের কারণে এসএমই উদ্যোক্তাদের ক্ষতি কাটিয়ে উঠতে দেশী পণ্যের ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে ক্রেতাদের উদ্বুদ্ধ করতে 'সোশ্যাল ক্যাম্পেইন' কার্যক্রম শুরু করেছে এসএমই ফাউন্ডেশন। এ উপলক্ষে ১০ ডিসেম্বর ২০২০ এসএমই উদ্যোক্তাদের তৈরিকৃত দেশীয় পণ্য ব্যবহারে ক্রেতাদের উদ্বুদ্ধকরণের উদ্দেশ্যে অনলাইনে 'সোশ্যাল ক্যাম্পেইন' কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি এবং বিশেষ অতিথি ছিলেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি এমপি।

উল্লেখ্য, দেশীয় পণ্য ব্যবহারে সাধারণ মানুষকে উদ্বুদ্ধ করতে এসএমই ফাউন্ডেশন বিভিন্ন প্রিন্ট, ইলেকট্রনিক, অনলাইন ও সামাজিক মিডিয়ায় প্রচারের জন্য ২৫টি শ্লোগান তৈরি করে। এছাড়া সরকারি বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানে চিঠি এবং ইমেইলে এসব শ্লোগান পাঠিয়ে সচেতনতা তৈরির কার্যক্রম গ্রহণ করে ফাউন্ডেশন। ফাউন্ডেশনের পক্ষ থেকে সোশ্যাল ক্যাম্পেইন বিষয়ে নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করা হয়:

(ক) মাননীয় প্রধানমন্ত্রীর উদ্ধৃতি ও দেশীয় পণ্য ব্যবহারে উদ্বুদ্ধকরণ বিষয়ক শ্লোগান, বিভিন্ন সেক্টরের এসএমই পণ্যের ছবিসহ প্রচারপত্র, উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান ও বিশেষ অতিথির বক্তব্যের ভিডিও ক্লিপিংস তৈরি করে ফেসবুক, ওয়েবসাইট, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচার করা হয়।
(খ) দৈনিক পত্রিকায় ফ্যাশন/ডিজাইন সংশ্লিষ্ট বিশেষ সংখ্যায় দেশী পণ্য ক্রয়ের জন্য উদ্বুদ্ধকরণ বিষয়ক ফিচার প্রকাশ।
(গ) বিষয়ভিত্তিক টকশো আয়োজন।
(ঘ) মন্ত্রণালয়ের মাধ্যমে সরকারিভাবে মোবাইল এসএমএস প্রেরণের ব্যবস্থা গ্রহণ।
(ঙ) সরকারি বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক স্থানীয় পণ্য ব্যবহার করার জন্য উদ্বুদ্ধকরণ বিষয়ক কর্মসূচি গ্রহণ।
(চ) এসএমইদের নিকট থেকে একটি নির্দিষ্ট পরিমাণ পণ্য বা সেবা ক্রয়ের জন্য পাবলিক প্রকিউরমেন্ট আইনে কোটা ব্যবস্থা অন্তর্ভুক্তিকরণের প্রচেষ্টা গ্রহণ।

'China International Fair for Trade in Service (CIFTIS)' এ এসএমই ফাউন্ডেশনের অংশগ্রহণ

'China International Fair for Trade in Service (CIFTIS)' ভার্চুয়াল মেলা'র অনলাইন পেজ

০৫-০৯ সেপ্টেম্বর ২০২০ চীনের বেইজিং এ অনুষ্ঠিত হয় 'China International Fair for Trade in Service (CIFTIS)' ভার্চুয়াল মেলা। রপ্তানি উন্নয়ন ব্যুরো-ইপিবি'র মাধ্যমে এবং এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনায় প্রথমবারের মতো আয়োজিত এই ভার্চুয়াল মেলায় অংশগ্রহণ করেন বাংলাদেশের চারজন নারী-উদ্যোক্তা। Ministry of Commerce of China Ges The Government of Beijing Municipality এই মেলার আয়োজন করে।

নিম্নবর্ণিত ৪জন নারী-উদ্যোক্তা প্রথমবারের মতো আন্তর্জাতিক ভার্চুয়াল মেলায় অংশগ্রহণ করেন:

১. স্মার্ট লেদার প্রোডাক্টস (চামড়াজাত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান)
স্বত্বাধিকারী: মাসুদা ইয়াসমিন উর্মি
২. ক্রে-ইমেজ (হ্যান্ডমেইড সিরামিক উৎপাদনকারী প্রতিষ্ঠান)
স্বত্বাধিকারী: রেহানা আক্তার,
৩. নতুনত্ব বুটিকস (হ্যান্ডিক্রাফটস প্রতিষ্ঠান)
স্বত্বাধিকারী: হাসিনা মুক্তা এবং
৪. তুলিকা (পাটজাত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান)
স্বত্বাধিকারী: ইশরাত জাহান

'Shoe & Leather Goods Fair 2020' ভার্চুয়াল মেলায় এসএমই ফাউন্ডেশনের অংশগ্রহণ

কোভিড-১৯ প্রেক্ষাপটে একদিকে যেমন উদ্যোক্তাদের বিভিন্ন আন্তর্জাতিক মেলায় অংশগ্রহণ করা কঠিন ছিল, তেমনি অনেক আন্তর্জাতিক মেলা আয়োজনও স্থগিত ছিল। এমন পরিস্থিতিতে উদ্যোক্তাদের পণ্য ক্রেতাদের কাছে পরিচিত করতে এবং চাহিদামত পৌঁছে দিতে ০৮ সেপ্টেম্বর-০৭ অক্টোবর ২০২০ 'Shoe & Leather Goods Fair 2020' শীর্ষক ভার্চুয়াল মেলা আয়োজন করে BDFairs.Com, এমিস্কো, লেদারটেক সলিউসন এবং এক্সপোনেট এক্সিবিশন। এ আয়োজনে সহায়তা করে এসএমই ফাউন্ডেশন, আইডিয়া ট্রি এবং ট্রাভসুড বাংলাদেশ। এক মাসব্যাপী এই ভার্চুয়াল মেলায় অংশগ্রহণ করে দেশীয় রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানসহ জার্মানি, তাইওয়ান ও চীন এর বিখ্যাত জুতা উৎপাদনকারী, পাদুকা কারখানার যন্ত্রপাতি সরবরাহকারী কয়েকটি প্রতিষ্ঠান। প্রতিদিন কোন রেজিস্ট্রেশন ছাড়াই অংশগ্রহণ করেছেন আন্তর্জাতিক ব্র্যান্ডের ক্রেতাগণ। এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনায় লেদারগুডস ও ফুটওয়্যার উৎপাদনকারী নিম্নবর্ণিত ৭টি প্রতিষ্ঠান এই ভার্চুয়াল মেলায় অংশগ্রহণ করে:

(১) স্মার্ট লেদার প্রোডাক্টস, স্বত্বাধিকারী: মাসুদা ইয়াসমিন উর্মি (২) পিপলস্ ফুটওয়্যার অ্যান্ড লেদার গুডস, স্বত্বাধিকারী: মোসা. রেজবিন হাফিজ, (৩) ডিজাইন বাই রুবিনা, স্বত্বাধিকারী: রুবিনা আক্তার মুন্নি (৪) সাবাব লেদার, স্বত্বাধিকারী: মাকসুদা খাতুন (৫) টিএএম ক্রিয়েশন, স্বত্বাধিকারী: তানহা আক্তার মুক্তা (৬) থ্রি টেক, স্বত্বাধিকারী: মো. তাসনিম আলম এবং (৭) কোরিয়াম বাংলাদেশ, স্বত্বাধিকারী: মো. শাকিল আহমেদ।

'Preparatory workshop for Participation in the International Fairs and Export Readiness' কর্মশালা



'Preparatory workshop for Participation in the International Fairs and Export Readiness' কর্মশালায় অংশগ্রহণকারীদের একাংশ

ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের বিভিন্ন আন্তর্জাতিক মেলায় অংশগ্রহণ ও পণ্য রপ্তানির ক্ষেত্রে প্রস্তুতির লক্ষ্যে এসএমই ফাউন্ডেশন ০৪-০৬ এপ্রিল এবং ১৮-২১ এপ্রিল ২০২১ তিন দিনব্যাপী ২টি কর্মশালার আয়োজন করে। কর্মশালায় ৩৩জন এসএমই উদ্যোক্তা অংশগ্রহণ করেন। প্রতিদিন সকাল ১০টা থেকে বিকাল ৩টা পর্যন্ত জুম প্ল্যাটফর্মে এই কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় নিম্নলিখিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত ছিল:

- পণ্য রপ্তানির নিয়মকানুন, পদ্ধতি ও করণীয়; রপ্তানিকারক হওয়ার যোগ্যতা ও করণীয়;
- এসএমই পণ্য রপ্তানির ক্ষেত্রে সরকারের বিভিন্ন ধরনের সুবিধা ও প্রণোদনা;
- রপ্তানির ক্ষেত্রে ব্যাংকিং নিয়মকানুন, পদ্ধতি ও সুবিধা;
- বিদেশে আয়োজিত বিভিন্ন ধরনের পণ্য মেলায় অংশগ্রহণের শর্তাবলী ও করণীয়;
- এবং বাংলাদেশের সফল রপ্তানিকারক এসএমই উদ্যোক্তার সাথে আলোচনা।

পাটজাত পণ্য উৎপাদনকারী এবং সফল রপ্তানিকারক হিসেবে এসএমই ফাউন্ডেশনের পরিচালনা পর্ষদের সদস্য এবং ক্রিয়েশন প্রাইভেট-এর ব্যবস্থাপনা পরিচালক রাশেদুল করীম মুন্না কর্মশালায় উদ্যোক্তাদের মাঝে তাঁর অভিজ্ঞতা তুলে ধরেন।

এসএমই পণ্যের 'আন্তর্জাতিক বাজার অনুসন্ধান' প্রশিক্ষণ

কোভিড-১৯ প্রেক্ষাপটে উৎপাদিত পণ্য বিক্রি এবং তা গ্রাহকদের কাছে পৌঁছে দেয়া এসএমই উদ্যোক্তাদের জন্য অন্যতম বড় চ্যালেঞ্জ। তবে নানা প্রতিবন্ধকতা কাটিয়ে অনেক উদ্যোক্তাই অনলাইন ও সামাজিক মাধ্যম ব্যবহার করে নিজেদের পণ্যের বিপণন কার্যক্রম অব্যাহত রেখেছেন। অনেক উদ্যোক্তা দেশের বাইরেও পণ্য রপ্তানি করেছেন। আন্তর্জাতিক বাজার অনুসন্ধানে উদ্যোক্তাদের সহায়তা করতে ইন্টারন্যাশনাল ট্রেড সেন্টার (আইটিসি) তৈরি করেছে আইটিসি ট্রেড ম্যাপ ও মার্কেট অ্যাক্সেস ম্যাপ। এসএমই উদ্যোক্তাদেরকে পণ্য রপ্তানির ক্ষেত্রে আন্তর্জাতিক বাজার অনুসন্ধানে আইটিসি-এর মার্কেট অ্যানালাইসিস টুল এর ব্যবহার দেখাতে এবং এর মাধ্যমে তাঁদের উৎপাদিত পণ্য রপ্তানির উপায় সম্পর্কে ধারণা দিতে ২৩-২৬ নভেম্বর ২০২০ সময়ে প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। ১৭জন এসএমই উদ্যোক্তা এবং রপ্তানি কাজে নিয়োজিত কর্মকর্তাবৃন্দ প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

মানব সম্পদ উন্নয়ন

এসএমই উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধি এবং নতুন উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন ধরনের প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা ফাউন্ডেশনের অন্যতম কার্যক্রম। এই কার্যক্রম বাস্তবায়নে প্রশিক্ষণ ইনস্টিটিউট অথবা এসএমই সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনের সাথে সংশ্লিষ্ট হয়ে এসএমই ফাউন্ডেশন বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন করে। যেমন: উদ্যোক্তা উন্নয়ন, এসএমই ক্লাস্টারভিত্তিক দক্ষতা উন্নয়ন, টেকনোলজি বেইজড এবং আইসিটি বেইজড প্রশিক্ষণ, প্রশিক্ষকদের প্রশিক্ষণ (ToT), উৎপাদনশীলতা ও পণ্যের মান উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ, বাজার ব্যবস্থাপনা ও অর্থ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রভৃতি। এছাড়া এ কার্যক্রমের আওতায় এসএমই ট্রেডবডি/অ্যাসোসিয়েশনসমূহের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন ধরনের সহায়তা প্রদান করে।

এ যাবত প্রায় ১২০০ প্রশিক্ষণ কর্মসূচির আওতায় ৩৫ হাজারের বেশি উদ্যোক্তা-প্রশিক্ষণার্থীকে বিভিন্ন ধরনের প্রশিক্ষণ প্রদান করেছে, যার মধ্যে ৬০% নারী। উদ্যোক্তাদের প্রশিক্ষণ প্রদানের জন্য সম্প্রতি একটি স্বতন্ত্র এসএমই ট্রেনিং ইন্সটিটিউট প্রতিষ্ঠা করা হয়েছে।

২০২০-২১ অর্থবছরে প্রশিক্ষণ, মতবিনিময়সহ ৬৫টি কর্মসূচি বাস্তবায়ন করেছে মানবসম্পদ উন্নয়ন উইং। এসব কর্মসূচিতে অংশগ্রহণ করেছেন ১৯৬২জন ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা। উল্লেখযোগ্য কর্মসূচিসমূহের বিবরণ নিম্নে উল্লেখ করা হলো:

এসএমই খাতে দক্ষ মানবসম্পদ, সারাদেশে উদ্যোক্তা তৈরি এবং উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ঢাকাসহ বিভাগীয় শহর, জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন প্রশিক্ষণের আয়োজন করে এসএমই ফাউন্ডেশনের মানবসম্পদ উন্নয়ন উইং। ফাউন্ডেশনের নিজস্ব ব্যবস্থাপনায় এবং বিভিন্ন ট্রেডবডি'র সহায়তায় এসব প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন করা হয়। ওয়ার্কিং উইথ ফ্যাশন ডিজাইন, ব্লক-বাটিক, বহুমুখী পাটজাত পণ্য তৈরি ও বিপণন, আর্টিফিশিয়াল জুয়েলারি, ফাস্ট ফুড তৈরি ও সংরক্ষণ, বিউটিফিকেশন ও পার্লার ব্যবস্থাপনা, নতুন ব্যবসা সৃষ্টি, আয়ুর্বেদিক বিউটি থেরাপি, ফাস্টফুড তৈরি ও বেকারি পণ্য উৎপাদন, বহুমুখী চামড়াজাত পণ্য তৈরি ও বিপণন, উদ্যোক্তা উন্নয়ন ও ব্যাংক উপযোগী ব্যবসায় পরিকল্পনা প্রণয়ন, স্ক্রিন প্রিন্ট, পাটজাত পণ্য উৎপাদন ও বাজারজাতকরণ, নতুন ব্যবসা ও উদ্যোক্তা উন্নয়ন, বেসিক বিউটিফিকেশন প্রশিক্ষণের আয়োজন করা হয়।

জুলাই-সেপ্টেম্বর ২০২০ উদ্যোক্তাদের চাহিদার ভিত্তিতে এবং বিভিন্ন ট্রেডবডি, চেম্বার, অ্যাসোসিয়েশন এর সহায়তায় অনলাইন প্ল্যাটফর্ম জুম এর মাধ্যমে মোট ৫টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। পার্লার ব্যবস্থাপনা, ন্যাচারাল (ভেজিটেবল) ডায়িং এবং ব্লক-বাটিক বিষয়ে ইতঃপূর্বে প্রশিক্ষণ নেয়া উদ্যোক্তাদের নিয়ে তিনটি রিফ্রেশার্স প্রশিক্ষণ অনলাইন প্ল্যাটফর্মে আয়োজন করা হয়। এতে মোট ৮০জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। ২০-২২ জুলাই ২০২০ 'আয়ুর্বেদিক বিউটি থেরাপি' বিষয়ক একটি প্রশিক্ষণ অনলাইন প্ল্যাটফর্মে আয়োজন করা হয়। প্রশিক্ষণে বিউটি পার্লার ব্যবসার সাথে সরাসরি জড়িত ৩০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। ০৮-১০ সেপ্টেম্বর ২০২০ 'নতুন ব্যবসা তৈরি' একটি প্রশিক্ষণ অনলাইন প্ল্যাটফর্মে আয়োজন করা হয়। এই প্রশিক্ষণলব্ধ জ্ঞান দিয়ে পরবর্তীতে প্রশিক্ষণার্থীগণ তাদের নতুন ব্যবসা শুরু করতে পারবেন। প্রশিক্ষণে ৩৪জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

অক্টোবর-ডিসেম্বর ২০২০ এ ঢাকাসহ বিভাগীয় শহর, জেলা ও উপজেলা পর্যায়ে ৩০টি প্রশিক্ষণ আয়োজন করে এসএমই ফাউন্ডেশনের মানবসম্পদ উন্নয়ন উইং। এসব প্রশিক্ষণে ৮৮০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। এর মধ্যে ৭টি প্রশিক্ষণ ফাউন্ডেশনের নিজস্ব ব্যবস্থাপনায় এবং ২৩টি প্রশিক্ষণ বিভিন্ন ট্রেডবডি'র সহায়তায় বাস্তবায়ন করা হয়। ১০-১৫ অক্টোবর ২০২০ ফাউন্ডেশনের উদ্যোগে ৩০জন প্রশিক্ষণার্থীর অংশগ্রহণে 'ওয়ার্কিং উইথ ফ্যাশন ডিজাইন (Phase-I)' প্রশিক্ষণ আয়োজন করা হয়। ১১-১৫ অক্টোবর ২০২০ জামালপুর সিঁড়ি হস্তশিল্প কেন্দ্রের প্রতিষ্ঠাতা আরিফা ইয়াসমীন ময়ূরী কর্তৃক নির্বাচিত ৩০জন তৃতীয় লিঙ্গের প্রশিক্ষণার্থীর দক্ষতা উন্নয়নে 'ব্লক-বাটিক' প্রশিক্ষণ আয়োজন করা হয়। ২৯ নভেম্বর-০৩ ডিসেম্বর ২০২০ ঢাকায় ১০জন পুরুষ ও ২২জন নারীসহ ৩২জন উদ্যোক্তাকে নিয়ে 'বহুমুখী পাটজাত পণ্য তৈরি ও বিপণন' প্রশিক্ষণ আয়োজন করা হয়। একই সময়ে সিলেট চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র উদ্যোগে এবং এসএমই ফাউন্ডেশনের সহায়তায় সিলেটে ৩০জন উদ্যোক্তার দক্ষতা উন্নয়নের লক্ষ্যে 'আর্টিফিসিয়াল জুয়েলারি' প্রশিক্ষণ আয়োজন করা হয়।

২০-২৪ ডিসেম্বর ২০২০ ঠাকুরগাঁয়ে 'নতুন ব্যবসা সৃষ্টি' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে ৩০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। ২৬-৩০ নভেম্বর ২০২০ ঢাকায় 'ফাস্ট ফুড তৈরি ও সংরক্ষণ' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে ঢাকা, গোপালগঞ্জ ও বরিশাল জেলার ২৪জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। ০৯-১৩ ডিসেম্বর ২০২০ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং ওয়ার্ল্ড অ্যাসোসিয়েশন ফর স্মল অ্যান্ড মিডিয়াম এন্টারপ্রাইজ (ওয়াসমি)-এর সহযোগিতায় ঢাকায় ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের 'বিউটিফিকেশন ও পার্লার ব্যবস্থাপনা' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে ৩০জন নারী-উদ্যোক্তা অংশগ্রহণ করে। ০৭-১২ অক্টোবর ২০২০ অনলাইনে পাওয়া আবেদনপত্র যাচাই-বাছাইয়ের মাধ্যমে নির্বাচিত উদ্যোক্তাদের নিয়ে 'বিউটিফিকেশন ও পার্লার ব্যবস্থাপনা' প্রশিক্ষণ বাস্তবায়ন করা হয়। অক্টোবর-ডিসেম্বর ২০২০ বিভিন্ন ট্রেডবডিজ/ চেম্বারসমূহের সহযোগিতায় অক্টোবর-ডিসেম্বর ২০২০ ২৩টি প্রশিক্ষণ আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। প্রশিক্ষণে ৬৯০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

জানুয়ারি-মার্চ ২০২১ ঢাকাসহ দেশের বিভিন্ন বিভাগীয় শহর জেলা ও উপজেলা পর্যায়ে ২১টি প্রশিক্ষণ বাস্তবায়ন করেছে ফাউন্ডেশনের মানবসম্পদ উন্নয়ন উইং। প্রশিক্ষণসমূহে ৬২৫জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। ঢাকা, সিলেট ও বরিশাল জেলায় জানুয়ারি-মার্চ ২০২১ 'দক্ষতা উন্নয়ন' বিষয়ে ৪টি প্রশিক্ষণের আয়োজন করা হয়। ঢাকায় ১০-১৪ জানুয়ারি ২০২১ 'বহুমুখী চামড়াজাত পণ্য তৈরি ও বিপণন' প্রশিক্ষণের আয়োজন করা হয়। ঢাকায় ০৪-০৮ মার্চ ২০২১ 'ফাস্টফুড তৈরি ও বেকারি পণ্য উৎপাদন' প্রশিক্ষণে ২৫জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

এসএমই ফাউন্ডেশনের সহায়তায় ৩১ জানুয়ারি-০৪ ফেব্রুয়ারি ২০২১ 'বহুমুখী চামড়াজাত পণ্য তৈরি ও বিপণন' প্রশিক্ষণের আয়োজন করে সিলেট উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি। প্রশিক্ষণে ৩০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। বরিশালে ১৩-১৭ জানুয়ারি ২০২১ 'অ্যাডভান্স ব্লক-বাটিক' প্রশিক্ষণের আয়োজন করে বরিশাল উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি। এতে ৬০জন উদ্যোক্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়। রংপুরে ১১-১৫ মার্চ ২০২১ 'নতুন ব্যবসা শুরু' ৫ দিনব্যাপী প্রশিক্ষণের আয়োজন করা হয়। প্রশিক্ষণে জেলার সম্ভাবনাময় ৩০জন নারী-পুরুষ অংশগ্রহণ করেন। নতুন উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে সম্ভাবনাময় প্রশিক্ষণার্থীদের নিয়ে ১১-১৫ মার্চ ২০২১ পঞ্চগড়ে 'নতুন ব্যবসা শুরু' প্রশিক্ষণের আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। প্রশিক্ষণে ৩০জন নারী-পুরুষ অংশগ্রহণ করেন। এসএমই খাতের বিকাশকে ত্বরান্বিত করার লক্ষ্যে জানুয়ারি-মার্চ ২০২১ বিভিন্ন ট্রেডবডি/চেম্বারসমূহের সহায়তায় দেশের বিভিন্ন স্থানে বাস্তবায়ন করেছে ১৪টি প্রশিক্ষণের আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। প্রশিক্ষণসমূহে ৪২০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

এপ্রিল-জুন ২০২১-এ এসএমই ফাউন্ডেশনের নিজস্ব উদ্যোগে ও বিভিন্ন ট্রেডবডি'র সহায়তায় ৭টি প্রশিক্ষণ বাস্তবায়ন করা হয়েছে। ঢাকা ও শ্রীমঙ্গলে 'বিপণন ব্যবস্থাপনা' ও 'নতুন ব্যবসা শুরু' ২টি প্রশিক্ষণ বাস্তবায়ন করা হয়েছে। 'বিপণন ব্যবস্থাপনা' প্রশিক্ষণে ৪১জন নারী ও পুরুষ উদ্যোক্তা অংশগ্রহণ করেন। শ্রীমঙ্গলে আয়োজিত 'নতুন ব্যবসা শুরু' প্রশিক্ষণে ৩২জন নারী ও পুরুষ উদ্যোক্তা অংশগ্রহণ করেন। শেরপুরে ৩০জন তৃতীয় লিঙ্গের উদ্যোক্তাদের জন্য ৫দিনব্যাপী 'ব্লক-বাটিক' প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। নড়াইলের তুলারামপুরে সমাজে অবহেলিত ও পিছিয়ে পড়া দলিত সম্প্রদায়ের ৩০জনকে 'বহুমুখী পাটজাত পণ্য তৈরি' প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি বাংলাদেশ (নাসিব) এর সহায়তায় 'নতুন

ব্যবসা ও উদ্যোক্তা উন্নয়ন' ঝালকাঠিতে ১টি এবং চিটাগাং উইম্যান চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (সিডব্লিউসিসিআই) এর সহায়তায় চট্টগ্রামে 'বেসিক বিউটিফিকেশন' ২টি প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন করা হয়েছে। ৩টি প্রশিক্ষণে ৬০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

এসএমই ফাউন্ডেশনের নিজস্ব উদ্যোগে ২০২০-২১ অর্থবছরে 'ব্যবসা ব্যবস্থাপনা' ৬টি, 'দক্ষতা উন্নয়ন' ১০টি, 'বিউটিফিকেশন ও পার্লার ব্যবস্থাপনা' ২টি, 'ফ্যাশন ডিজাইন' ১টি এবং 'রিফ্রেশার্স কোর্স' ৪টি প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন করা হয়েছে। এছাড়া ২০২০-২১ অর্থবছরে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং বিভিন্ন ট্রেডবডি/চেম্বার/অ্যাসোসিয়েশনের সহায়তায় ৪২টি প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়িত হয়েছে। ফাউন্ডেশনের উদ্যোগে এবং এবং জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি বাংলাদেশ (নাসিব) এর সহায়তায় ১৬টি, বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (বিডব্লিউসিসিআই) এর সহায়তায় ১৪টি, উইমেন এন্টারপ্রিনিয়ার অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ওয়েব) এর সহায়তায় ৭টি, চিটাগাং উইম্যান চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (সিডব্লিউসিসিআই) এর সহায়তায় ৩টি, তৃণমূল নারী-উদ্যোক্তা সোসাইটি (গ্রাসরুটস) এর সহায়তায় ১টি এবং সিলেট উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সহায়তায় ১টি প্রশিক্ষণ বাস্তবায়ন করা হয়েছে।

'নবযুগী চামড়াজাত পণ্য উৎপাদন' প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে উদ্যোক্তাদের সাথে ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান

সেরপুর তৃতীয় লিঙ্গ সম্প্রদায়ের উদ্যোক্তাদের প্রশিক্ষণে বক্তব্য রাখছেন জেলা প্রশাসক অমর কান্তি মজুমদার

প্রশিক্ষণের বিষয় ছিলো, নতুন ব্যবসা তৈরি, উদ্যোক্তা উন্নয়ন, বিপণন ব্যবস্থাপনা, বিভিন্ন ধরনের পাটজাত পণ্য তৈরি, প্যাটার্ন মেকিং অ্যান্ড সুইং, বিভিন্ন ধরনের চামড়াজাত পণ্য তৈরি, স্ক্রিন প্রিন্ট, ব্লক ও বাটিক, ফ্যাশন ডিজাইন, বিউটিফিকেশন ও পার্লার ব্যবস্থাপনা, ফাস্টফুড তৈরি ও সংরক্ষণ, আর্টিফিসিয়াল জুয়েলারি। ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ (সোনারগাঁও), ময়মনসিংহ, জামালপুর, কিশোরগঞ্জ, শেরপুর, কুমিল্লা, রাঙ্গামাটি, বান্দরবান, খুলনা, বাগেরহাট, নড়াইল, মাগুরা, সিলেট, সুনামগঞ্জ, চট্টগ্রাম, সীতাকুণ্ড, কক্সবাজার, বগুড়া, জয়পুরহাট, রাজশাহী, নওগাঁ, রংপুর, নীলফামারী, পঞ্চগড়, দিনাজপুর, ঠাকুরগাঁও, বরিশাল, ঝালকাঠি, গোপালগঞ্জ, মাদারীপুর, মেহেরপুর জেলায় এসব প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন করা হয়েছে।

কোভিড-১৯ প্রেক্ষাপটে প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন বিষয়ে অনলাইনে বিভিন্ন চেম্বার, ট্রেডবডি ও অ্যাসোসিয়েশন প্রতিনিধিদের সাথে মতবিনিময়

ঠাকুরগাঁওয়ে 'নতুন ব্যবসা সৃষ্টি' প্রশিক্ষণে সমাপনী বিতরণ করছেন সাবেক সংসদ সদস্য সেলিনা জাহান লিটা

১৩ সেপ্টেম্বর ২০২০ কোভিড-১৯ প্রেক্ষাপটে এসএমই ফাউন্ডেশনের প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন বিষয়ে বিভিন্ন চেম্বার, ট্রেডবডি ও অ্যাসোসিয়েশন প্রতিনিধিদের সাথে মতবিনিময় সভার আয়োজন করে ফাউন্ডেশনের মানবসম্পদ উন্নয়ন উইং। এতে ২০২০-২১ অর্থবছরের ফাউন্ডেশনের প্রশিক্ষণসমূহ বাস্তবায়নের উপায় নিয়ে আলোচনা করা হয়। মতবিনিময় সভায় উদ্যোক্তা সংগঠনসমূহের প্রতিনিধিগণ ছাড়াও অংশগ্রহণ করেন ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খান।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

'রূপকল্প ২০২১: ডিজিটাল বাংলাদেশ' বাস্তবায়নে জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮ ও জাতীয় ডিজিটাল কমার্স নীতিমালা ২০১৮ এর আলোকে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের অনলাইন ব্যবসায় দক্ষতা বৃদ্ধিতে ডিজিটাল কমার্স বিষয়ক প্রশিক্ষণসহ অন্যান্য কার্যক্রম ফাউন্ডেশন নিয়মিত আয়োজন করে আসছে। এসএমই উদ্যোক্তাদের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিষয়ক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে এ যাবত দুই শতাধিক প্রশিক্ষণ কর্মসূচির আওতায় প্রায় ৫ হাজার উদ্যোক্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া ১৮টি অ্যাসোসিয়েশন ও এসএমই ক্লাস্টার এবং ১০০জন ক্ষুদ্র উদ্যোক্তার ওয়েবসাইট তৈরিতে সহায়তা প্রদান করা হয়েছে। ফাউন্ডেশন কর্তৃক আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণ বিষয়ক তথ্য ও প্রশিক্ষণসমূহের নিবন্ধনের জন্য ফাউন্ডেশনের ডিজিটাল সার্ভিস (http://hrd.smef.gov.bd) ২০১৩ সালে চালু করা হয়। প্রশিক্ষণ বিষয়ক এই ডিজিটাল সার্ভিসের মাধ্যমে ২০ হাজারের বেশি মানুষ সেবা গ্রহণ করেন।

২০২০-২১ অর্থবছরে প্রশিক্ষণ, কর্মশালা, ই-কমার্স ফলোআপ, অনলাইন মার্কেটপ্লেসে অংশগ্রহণে সহায়তা, মতবিনিময় সভা, সেমিনারসহ ৫৫টি কর্মসূচি বাস্তবায়ন করেছে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি উইং। এসব কর্মসূচিতে অংশগ্রহণ করেছেন ১১৯২জন ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা। উল্লেখযোগ্য কর্মসূচিসমূহের বিবরণ নিম্নে উল্লেখ করা হলো:

ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের পণ্য বাজারজাতকরণে সহায়তা প্রদানের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশন ও 'আজকের ডিল ডট কম'-এর মাঝে সমঝোতা স্মারক স্বাক্ষর

এসএমই ফাউন্ডেশন ও 'আজকের ডিল.কম'-এর মাঝে সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে অতিথিবৃন্দ

ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উদ্যোক্তাদের অনলাইন মার্কেটপ্লেসে অর্ন্তভুক্তকরণের লক্ষ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে এসএমই ফাউন্ডেশন ও আজকের ডিল ডট কম। ২০ জুন ২০২১ এসএমই ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে স্বীয় প্রতিষ্ঠানের পক্ষে সমঝোতা স্মারক স্বাক্ষর করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান এবং আজকের ডিল ডট কম এর প্রধান নির্বাহী ফাহিম মাশরুর। সমঝোতা স্মারকের আলোকে 'আজকের ডিল ডট কম' প্লাটফর্মে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাগণের জন্য আলাদা পণ্য শ্রেণীভেদ থাকবে এবং উদ্যোক্তাগণের পণ্য উক্ত প্ল্যাটফর্মে অর্ন্তভুক্তকরণে 'আজকের ডিল.কম' প্রয়োজনীয় সকল সেবা প্রদান করবে। এসএমই ফাউন্ডেশন এবং 'আজকের ডিল ডট কম' দেশব্যাপী একসাথে উদ্যোক্তাদের অনলাইন প্ল্যাটফর্মে অর্ন্তভুক্তিতে কাজ করবে।

ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের 'অনলাইন ব্যবসা পরিচালনা' প্রশিক্ষণ

'অনলাইন ব্যবসা পরিচালনা' প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের একাংশ

এসএমই ফাউন্ডেশন সরকারের 'রূপকল্প ২০২১: ডিজিটাল বাংলাদেশ' বাস্তবায়নে জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা এবং জাতীয় ডিজিটাল কমার্স নীতিমালা এর আলোকে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের অনলাইন ব্যবসায় দক্ষতা বৃদ্ধিতে ডিজিটাল কমার্স বিষয়ক প্রশিক্ষণসহ অন্যান্য কার্যক্রম নিয়মিত আয়োজন করে আসছে। ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের ডিজিটাল কমার্স ব্যবসার সাথে পরিচিতিকরণ ও অভ্যস্ত করার লক্ষ্যে ফাউন্ডেশন এ বিষয়ে দেশব্যাপী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করছে। ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাগণ এসব প্রশিক্ষণ থেকে ডিজিটাল কমার্সের প্রয়োজনীয়তা ও ব্যবসা প্রসার উপযোগী বিভিন্ন বিষয়াদি সম্পর্কে ব্যবহারিক জ্ঞান অর্জন করতে পারছেন। বর্তমান করোনা পরিস্থিতি মোকাবেলায় এসএমই ফাউন্ডেশন এসএমই উদ্যোক্তাদের অনলাইন ব্যবসা ই-কমার্স বিষয়ে দক্ষ করার লক্ষ্যে অনলাইনে প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ পরবর্তীতে উদ্যোক্তারা সহজেই এবং দ্রুততায় বিশ্বব্যাপী এসএমই পণ্যের প্রচার ও প্রসার করতে পারছেন। ফাউন্ডেশনের প্রশিক্ষণ সর্ম্পকিত বিস্তারিত তথ্য উদ্যোক্তাদের জানাতে তৈরি করা হয়েছে এসএমই ফাউন্ডেশনের প্রশিক্ষণ বিষয়ক পোর্টাল http://hrd.smef.gov.bd

এসএমই সংশ্লিষ্ট ট্রেডবডি'র কর্মকর্তাদের 'আইসিটি ব্যবহারে দক্ষতা উন্নয়ন' কর্মশালা

এসএমই সংশ্লিষ্ট ট্রেডবডি'র কর্মকর্তাদের 'আইসিটি ব্যবহারে দক্ষতা উন্নয়ন' কর্মশালায় অংশগ্রহণকারীদের একাংশ

এসএমই ফাউন্ডেশন কর্তৃক এসএমই সংশ্লিষ্ট ট্রেডবডি এবং তাদের কর্মকর্তাদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি কার্যক্রমের অংশ হিসেবে অনলাইনে 'অফিস ও ব্যবসা ব্যবস্থাপনায় আইসিটি ব্যবহার' কর্মশালার আয়োজন করা হয়। দিনব্যাপী কর্মশালায় অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে অ্যাসোসিয়েশন ও চেম্বারের অফিস ব্যবস্থাপনায় আইসিটি টুলস ব্যবহার, উদ্যোক্তাদের ব্যবসা অনলাইনে অন্তর্ভুক্তকরণের প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়।

'এসএমই উন্নয়নে আইসিটি ব্যবহার' কর্মশালা



'এসএমই উন্নয়নে আইসিটি ব্যবহার' কর্মশালায় অংশগ্রহণকারীদের একাংশ

বর্তমান সময়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ক্রমশঃ উন্নয়নে উদ্যোক্তাদের ব্যবসা টেকসই ও সম্প্রসারণ করার লক্ষ্যে উদ্যোক্তাদের প্রযুক্তিবান্ধব হওয়া একান্ত প্রয়োজনীয়। এই পরিপ্রেক্ষিতে ফাউন্ডেশন উদ্যোক্তাসহ এসএমই সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশন, ট্রেডবডি ও চেম্বারের আইসিটি বিষয়ক দক্ষতা উন্নয়নে বিভিন্ন ধরনের কার্যক্রম পরিচালনা করে থাকে। এরই ধারাবাহিকতায়, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের ব্যবসার উন্নয়নে করণীয় ও প্রয়োজনীয় দিক নির্দেশনার জন্য আইসিটি বিশেষজ্ঞ ও সংশ্লিষ্টদের নিয়ে অনলাইনে কর্মশালা আয়োজন করা হয়।

'ই-কমার্স ফলোআপ' কর্মসূচি

'ই-কমার্স ফলোআপ' অনুষ্ঠানে অংশগ্রহণকারীদের একাংশ

ফাউন্ডেশন ঢাকাসহ বিভাগীয় পর্যায়ে এসএমই উদ্যোক্তাদের জন্য ই-কমার্স ও ই-মার্কেটিং সম্পর্কিত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করছে। প্রশিক্ষণ পরবর্তী উদ্যোক্তাদের বর্তমান অবস্থা পর্যালোচনা এবং বর্তমান সময়ের প্রয়োজনীয় ও গুরুতপূর্ণ অনলাইন ব্যবসায়িক কৌশলসমূহের সাথে পরিচয় করিয়ে দেয়ার উদ্দেশ্যে 'ই-কমার্স ফলোআপ' প্রোগ্রাম আয়োজন করা হয়।

এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ব্যবসা পরিচালনায় অটোমেশন পদ্ধতি ব্যবহারে আগ্রহী উদ্যোক্তাদের সফটওয়্যার সহায়তা প্রদান

সফটওয়্যার কোম্পানির সাথে উদ্যোক্তাদের সংযোগ স্থাপনের লক্ষ্যে আয়োজিত অনলাইন কর্মশালায় অংশগ্রহণকারীদের একাংশ

ব্যবসা পরিচালনায় অটোমেশন পদ্ধতি ব্যবহারে আগ্রহী এসএমই উদ্যোক্তাদের ১ মাস বিনামূল্যে সফটওয়্যার সহায়তা দিয়েছে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস-বেসিস সদস্য বিভিন্ন প্রতিষ্ঠান। ১১ অক্টোবর ২০২০ বেসিসের সহযোগিতায় এসএমই উদ্যোক্তাদের জন্য এ বিষয়ে অনলাইন কর্মশালার আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক মো. সফিকুল ইসলাম এবং বেসিস সভাপতি সৈয়দ আলমাস কবির। কর্মশালায় জানানো হয়, এসএমই ফাউন্ডেশন উদ্যোক্তাদের ব্যবসা পরিচালনায় আইসিটি ব্যবহারের জন্য বিভিন্ন ধরনের কার্যক্রম পরিচালনা করছে। এর মধ্যে উল্লেখযোগ্য, ই-কমার্স বিষয়ে প্রশিক্ষণ প্রদান, যা বর্তমান করোনা পরিস্থিতিতে ব্যপক জনপ্রিয় ও প্রশংসিত হয়েছে। এছাড়া ফাউন্ডেশনের পক্ষ থেকে উদ্যোক্তাদের ব্যবসায়িক কার্যক্রম অটোমেশনে বিভিন্ন টুলস ব্যবহারে উৎসাহ দেয়া হচ্ছে। উদ্যোক্তাদের চাহিদার প্রেক্ষিতে ব্যবসা পরিচালনায় প্রয়োজনীয় সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে অটোমেশন ব্যবস্থা চালু করতে এবং সফটওয়্যার কোম্পানির সাথে উদ্যোক্তাদের সংযোগ স্থাপনের লক্ষ্যে এই অনলাইন কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় Product Category, Accounting and Financial Software, POS, Inventory, HR and Payroll, Integrated Business Application and ER এবং Education Institute Management Application সফটওয়্যারগুলোর সিস্টেম উপস্থাপন করে বেসিস সদস্য বিভিন্ন প্রতিষ্ঠান।

'Online Marketing: A complete guideline for SME entrepreneurs' প্রশিক্ষণ



'Online Marketing: A complete guideline for SME entrepreneurs' প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের একাংশ

৩০ মে-০১ জুন ২০২১ অনলাইনে 'Online Marketing: A complete guideline for SME entrepreneurs' প্রশিক্ষণের আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। এতে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের অনলাইন প্ল্যাটফর্ম বিশেষ করে ফেসবুক মার্কেটিং এর মাধ্যমে তাঁদের পণ্য গ্রাহকের কাছে পৌঁছে দেয়ার উপায় নিয়ে প্রশিক্ষণ দেয়া হয়। বিপণন সেবাদানকারী প্রতিষ্ঠানের কর্মকর্তারাও অনলাইনে যুক্ত হয়ে উদ্যোক্তাদের সাথে এ বিষয়ে মতবিনিময় করেন।

পাবলিক রিলেশন

এসএমই ফাউন্ডেশনের কার্যক্রম দেশের ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা, ব্যবসায়ী সংগঠন, সরকার ও সাধারণ মানুষের কাছে তুলে ধরতে ফাউন্ডেশনের কার্যক্রম ও এসএমই খাত বিষয়ে ফাউন্ডেশনের কর্মকর্তাদের অংশগ্রহণে টেলিভিশনে টকশো, অনুষ্ঠান ও সাক্ষাতকার প্রচার, পত্রিকা ও অনলাইনে সাক্ষাতকার, প্রতিবেদন ফিচার প্রকাশ, ত্রৈমাসিক নিউজলেটার প্রকাশ, বিভিন্ন সময়ে ফাউন্ডেশন সম্পর্কিত এবং বিভিন্ন উইং সম্পর্কিত তথ্য সম্বলিত ব্রোসিওর প্রকাশ, গণমাধ্যমকর্মীদের নিয়ে বিভিন্ন ক্লাস্টারের ব্যবসা কার্যক্রম, সমস্যা ও চ্যালেঞ্জসমূহ তুলে ধরতে কাজ করে পাবলিক রিলেশন উইং। এছাড়া অর্থনৈতিক প্রতিবেদকদের নিয়ে কর্মশালা ও মতবিনিময় সভার আয়োজন করা হয়।

২০২০-২১ অর্থবছরে করোনাভাইরাসের ক্ষতি কাটিয়ে উঠতে সিএমএসএমই উদ্যোক্তাদের জন্য সরকারের প্রণোদনা প্যাকেজের ঋণ বিতরণ, অনলাইনে আঞ্চলিক এসএমই পণ্য মেলা ২০২১ ও হেরিটেজ হ্যান্ডলুম ফেস্টিভ্যাল ২০২০, প্রশিক্ষণ, সেমিনার, মতবিনিময় সভা, গবেষণা প্রতিবেদন প্রকাশসহ এসএমই ফাউন্ডেশনের নিয়মিত কার্যক্রমের পাশাপাশি ফাউন্ডেশনের চেয়ারপার্সন, ব্যবস্থাপনা পরিচালক, পরিচালক পর্ষদ ও সাধারণ পর্ষদের সম্মানিত সদস্যগণ এবং ফাউন্ডেশনের কর্মকর্তাবৃন্দের অংশগ্রহণে এসএমই ফাউন্ডেশন ও এসএমই খাত বিষয়ে ১৮টি টকশো এবং পত্রিকা, অনলাইন ও টেলিভিশনে ৩০০ প্রতিবেদন ও ফিচার প্রকাশিত ও প্রচারিত হয়েছে। এছাড়া পাবলিক রিলেশন উইংয়ের কয়েকটি উল্লেখযোগ্য কর্মসূচি নিম্নে উল্লেখ করা হলো:

'অর্থনৈতিক প্রতিবেদকদের জন্য' কর্মশালা

'অর্থনৈতিক প্রতিবেদকদের জন্য' কর্মশালায় বক্তব্য রাখছেন ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান

০৬ ডিসেম্বর ২০২০ ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে এসএমই ফাউন্ডেশন ও ইকোনমিক রিপোর্টার্স ফোরাম (ইআরএফ)-এর যৌথ আয়োজনে অর্থনৈতিক প্রতিবেদকদের জন্য কর্মশালা আয়োজন করা হয়। এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানের সভাপতিত্বে কর্মশালায় প্রধান আলোচক ছিলেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. আতিউর রহমান এবং বিশেষ অতিথি ছিলেন ঢাকা চেম্বারের সভাপতি জনাব শামস মাহমুদ। গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)'র গবেষণা পরিচালক ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) এর সিনিয়র রিসার্চ ফেলো ড. নাজনীন আহমেদ, এসএমই ফাউন্ডেশনের তৎকালীন ব্যবস্থাপনা পরিচালক মো. সফিকুল ইসলাম, ইআরএফ সভাপতি জনাব শারমিন রিনভী কর্মশালায় বক্তব্য রাখেন।

গণমাধ্যম প্রতিনিধিদের নিয়ে এসএমই ক্লাস্টার পরিদর্শন এবং উদ্যোক্তা ও অংশীজনদের সাথে মতবিনিময়

বগুড়ায় এসএমই ক্লাস্টার পরিদর্শন কর্মসূচিতে ফাউন্ডেশনের কর্মকর্তা, উদ্যোক্তা ও গণমাধ্যম প্রতিনিধিগণ

এসএমই ক্লাস্টারসমূহের সমস্যা ও সম্ভাবনা গণমাধ্যমে তুলে ধরতে ফাউন্ডেশনের উদ্যোগে ২৩-২৪ জানুয়ারি ২০২১ বগুড়ার আদমদিঘী'র শাওইল হ্যান্ডলুম ক্লাস্টার ও বগুড়া লাইট ইঞ্জিনিয়ারিং ক্লাস্টার পরিদর্শন ও ক্লাস্টার অ্যাসোসিয়েশন নেতৃবৃন্দ ও উদ্যোক্তাদের সাথে প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সংবাদিকগণের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

২৩ জানুয়ারি ২০২১ এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মফিজুর রহমান, পরিচালক পর্ষদের সদস্য জনাব রাশেদুল করীম মুন্না, মহাব্যবস্থাপক জনাব ফারজানা খান, দৈনিক প্রথম আলো, সমকাল, কালের কণ্ঠ, ডেইলি স্টার, বিজনেস স্ট্যান্ডার্ড, বাংলাদেশ টেলিভিশন, সময় টিভি ও একাত্তর টিভি'র সাংবাদিকগণ শাওইল হ্যান্ডলুম এবং বগুড়া লাইট ইঞ্জিনিয়ারিং ক্লাস্টার পরিদর্শন এবং অ্যাসোসিয়েশন নেতৃবৃন্দ ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন।

বগুড়ায় এসএমই ক্লাস্টার ভিজিটে গণমাধ্যমকর্মীবৃন্দের সাথে ফাউন্ডেশনের কর্মকর্তাগণ

এসএমই ফাউন্ডেশনের কর্মকর্তাবৃন্দ এবং উদ্যোক্তাগণ গণমাধ্যমকর্মীদের কাছে ক্লাস্টার দু'টির সমস্যা ও সম্ভাবনা তুলে ধরেন। ক্লাস্টার পরিদর্শন শেষে উল্লিখিত গণমাধ্যমসমূহে শাওইল হ্যান্ডলুম এবং বগুড়া লাইট ইঞ্জিনিয়ারিং ক্লাস্টারের ওপর প্রতিবেদন এবং টকশো প্রচারিত ও প্রকাশিত হয়।

৪টি ত্রৈমাসিক নিউজলেটার প্রকাশ

ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক নিউজলেটার

দেশের ৭৮ লাখের বেশি উদ্যোক্তা, এসএমই সংশ্লিষ্ট ট্রেডবডি/ অ্যাসোসিয়েশন, উদ্যোক্তা হতে আগ্রহী, সরকারি-বেসরকারি দপ্তরসহ স্টেকহোল্ডারদের কাছে এসএমই ফাউন্ডেশনের কার্যক্রমের খবর পৌঁছে দিতে কাজ করছে জনসংযোগ উইং। এ লক্ষ্যে বছরে ৪টি ত্রৈমাসিক নিউজলেটার প্রকাশিত হয়। ২০২০-২১ অর্থবছরে জুলাই-সেপ্টেম্বর ২০২০, অক্টোবর-ডিসেম্বর ২০২০, জানুয়ারি-মার্চ ২০২১ এবং এপ্রিল-জুন ২০২১ এই চারটি সংখ্যা ১৫০০ কপি করে প্রকাশিত হয়। এর মধ্যে ৮৫০ কপি ফাউন্ডেশনের পরিচালনা পর্ষদ এবং সাধারণ পর্ষদের সম্মানিত সদস্যবৃন্দ, বিভিন্ন মন্ত্রণালয়, জেলা প্রশাসন, ব্যবসায়িক সংগঠনের সদস্যদের মাঝে বিতরণ করা হয় এবং অবশিষ্ট ৬৫০ কপি ফাউন্ডেশনের অ্যাডভাইজারি সার্ভিস সেন্টারের মাধ্যমে উদ্যোক্তাদের মাঝে বিতরণ করা হয়।

২০২১ সালের ক্যালেন্ডার প্রকাশ

প্রতি বছরের মত ২০২১ সালের ডেস্ক ক্যালেন্ডার প্রকাশ করেছে এসএমই ফাউন্ডেশন। ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনার অংশ হিসেবে প্রকাশিত এই ডেস্ক ক্যালেন্ডারের মূল থিম ছিল 'জাতির

পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ ও স্বাধীনতার ৫০ বছরে বাংলাদেশ: এসএমই খাতের অর্জন'। ক্যালেন্ডারে শিল্প ও এসএমই খাতের উন্নয়নে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুরর রহমান এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র অবদান বিষয়ে বিভিন্ন তথ্য ও ছবি প্রকাশিত হয়েছে।

অমর একুশে বইমেলা ২০২১-এ এসএমই ফাউন্ডেশনের স্টল

অমর একুশে বইমেলা ২০২১-এ এসএমই ফাউন্ডেশনের স্টল

কোভিড-১৯ প্রেক্ষাপটে স্বাস্থ্যবিধি মেনে ফেব্রুয়ারি মাসের পরিবর্তে ১৮ মার্চ-১২ এপ্রিল 'অমর একুশে বইমেলা ২০২১' আয়োজন করে বাংলা একাডেমি। ২০১৫ সাল থেকে অংশগ্রহণের ধারাবাহিকতায় মেলায় অংশগ্রহণ করে এসএমই ফাউন্ডেশন। মেলায় দর্শনার্থীদের কাছে এসএমই ফাউন্ডেশনের পরিচিতি ও কার্যক্রম তুলে ধরা হয়। মেলায় ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত এসএমই উন্নয়নে বিভিন্ন ধরনের তথ্য, উপাত্ত, পরামর্শ ও দিক নির্দেশনামূলক গ্রন্থ/ প্রকাশনা/ নিউজলেটার/ ব্রোশিউর বিতরণ ও বিক্রয় করা হয়।

ক্লাস্টার উন্নয়ন

২০১৩ সালে এক গবেষণার মধ্যে দেশের ১৭৭টি ক্লাস্টার চিহ্নিত করে এসএমই ফাউন্ডেশন। এরপর থেকে ক্লাস্টারভিত্তিক কার্যক্রম শুরু হয়। ক্লাস্টার উন্নয়ন চাহিদা নিরূপণ কার্যক্রমের আওতায় মোট ৭৫টি এসএমই ক্লাস্টারের চাহিদা নিরূপণ কার্যক্রম সম্পূর্ণরূপে সম্পন্ন করা হয়েছে এবং অবশিষ্ট ক্লাস্টারের চাহিদা নিরূপণ কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। একই সাথে বিভিন্ন ক্লাস্টারের চাহিদার ভিত্তিতে ক্লাস্টারভিত্তিক উদ্যোক্তাদের প্রশিক্ষণ প্রদান, স্বল্প সুদে অর্থায়ন, নতুন উদ্যোক্তা তৈরি ইত্যাদি কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। এ পর্যন্ত ৩০টি ক্লাস্টারে চাহিদার ভিত্তিতে ১৪৩টি প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে ৪৫০০জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ২৬টি ক্লাস্টারের ২২০০জন উদ্যোক্তার মধ্যে ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে সহজ শর্তে ৯% সুদে জামানতবিহীন মোট ১২৫.০০ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ক্লাস্টারসমূহের ধারাবাহিক উন্নয়নের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশন প্রণীত একটি ডিপিপি শিল্প মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ বিভাগের সম্মতির অপেক্ষায় রয়েছে। ইতোমধ্যে ৪টি ক্লাস্টারে Common Facility Center (CFC) স্থাপনের জন্য ফিজিবিলিটি স্টাডি সম্পন্ন করা হয়েছে।

২০২০-২১ অর্থবছরে প্রশিক্ষণ, কর্মশালা, মতবিনিময় সভা, সেমিনারসহ ৩১টি কর্মসূচি বাস্তবায়ন করেছে ক্লাস্টার উন্নয়ন উইং। এসব কর্মসূচিতে অংশগ্রহণ করেছেন ৫২০জন ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা। উল্লেখযোগ্য কর্মসূচিসমূহের বিবরণ নিম্নে উল্লেখ করা হলো:

ক্লাস্টার প্রতিনিধিদের সাথে মতবিনিময় সভা

ক্লাস্টার প্রতিনিধিদের সাথে মতবিনিময় সভায় অংশগ্রহণকারীদের একাংশ

২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনার অংশ হিসেবে ক্লাস্টার উন্নয়ন অনুবিভাগের 'Meeting with stakeholders of the clusters regarding the problems and prospects of respective clusters' এর আওতায় ১০ নভেম্বর ২০২০ ১৮টি ক্লাস্টারের ৩৬জন প্রতিনিধির সাথে ক্লাস্টার উন্নয়ন বিষয়ে মতবিনিময় সভা সহ অনলাইনে মোট ৩টি সভার আয়োজন করা হয়। ১০ নভেম্বর ২০২০ অনলাইনে অনুষ্ঠিত মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান, রাশেদুল করিম মুন্না, পরিচালক, এসএমই ফাউন্ডেশন ও ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খানসহ উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। এসএমই ফাউন্ডেশনের তৎকালীন উপব্যবস্থাপনা পরিচালক এসএম শাহীন আনোয়ারের সভাপতিত্বে মতবিনিময় সভায় ক্লাস্টারের প্রতিনিধিগণ তাদের ক্লাস্টারের বর্তমান পরিস্থিতি তুলে ধরেন। করোনাকালীন সময়ে তাদের ব্যবসায় বিদ্যমান অবস্থা এবং মন্দা কাটিয়ে উঠতে তাদের পরিকল্পনা ও ফাউন্ডেশনের নিকট তাদের প্রত্যাশা তুলে ধরেন।

এসএমই ক্লাস্টারের 'উন্নয়ন চাহিদা নিরূপণ' প্রতিবেদন

এসএমই ক্লাস্টারের 'উন্নয়ন চাহিদা নিরূপণ' প্রতিবেদন উপস্থাপন অনুষ্ঠানে অতিথিবৃন্দ

ফাউন্ডেশনের উদ্যোগে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের মাধ্যমে সিরাজগঞ্জের শাহজাদপুর হ্যান্ডলুম ক্লাস্টার, নাটোরের লাইট ইঞ্জিনিয়ারিং ক্লাস্টার ও পাবনার সাঁথিয়া হ্যান্ডলুম ক্লাস্টারের উন্নয়ন চাহিদা নিরূপণ কার্যক্রম পরিচালনা করা হয়। ১৫ মার্চ ২০২১ এসএমই ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে ৩টি ক্লাস্টারের Needs Assessment এর Final Report উপস্থাপন করেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের তৎকালীন অধ্যাপক ও রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের বর্তমান উপাচার্য ড. মো. শাহ আজম। অনুষ্ঠানে ক্লাস্টারসমূহের উন্নয়ন চাহিদা নিরূপণের চূড়ান্ত প্রতিবেদনের ওপর

মতামত প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান, মহাব্যবস্থাপকগণ এবং ফাউন্ডেশনের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

এসএমই ফাউন্ডেশনের উদ্যোগের পর বগুড়ার শাঁওইল হ্যান্ডলুম শিল্প ক্লাস্টারের সংযোগ সড়ক সংস্কার

বগুড়া এসএমই ক্লাস্টারসমূহের উন্নয়নে জেলা প্রশাসকের সাথে মতবিনিময় অনুষ্ঠান ও উদ্যোক্তাদের সাথে অভিবিবৃদ্ধ

শাঁওইল ক্লাস্টারে রাস্তা মেরামতের পূর্বের ও মেরামতকালীন অবস্থার একাংশ

রপ্তানিমুখী তৈরি পোশাক কারখানার প্রায় শতভাগ বাতিল ঝুট কাপড় দিয়ে উন্নত মানের সুয়েটার, মাফলার, কম্বল, চাদর, বেডশিটসহ বিভিন্ন দৃষ্টিনন্দন ও মানসম্মত পণ্য তৈরি করে ইতোমধ্যে দেশজুড়ে পরিচিত বগুড়ার শাঁওইল হ্যান্ডলুম ক্লাস্টার। দেশের প্রায় ৫৫টি জেলার সাথে এ ক্লাস্টারের ব্যবসা বাণিজ্য বিদ্যমান রয়েছে। ক্লাস্টারের পণ্য কুষ্টিয়া, সিরাজগঞ্জ, গাইবান্ধা, টাঙ্গাইল, সিলেট, নরসিংদী, চট্টগ্রাম, ঢাকাসহ বিভিন্ন জায়গায় বিক্রয়ের জন্য সরবরাহ করা হয় এবং সুতা ডাইং এর জন্য পাবনা, সিরাজগঞ্জসহ অন্যান্য স্থানে পণ্য আনা-নেয়া করতে হয়। তবে বগুড়ার মুরইল থেকে শাঁওইল শিল্প ক্লাস্টার পর্যন্ত রাস্তাটি সরু ও চলাচলের অনুপযোগী হওয়ায় ক্লাস্টারের পণ্য পরিবহন এবং যানবাহন চলাচলে সমস্যা হত। এই পরিস্থিতিতে সার্বিক অবস্থা নিরূপণের লক্ষ্যে ২৩ জানুয়ারি ২০২১ এসএমই ফাউন্ডেশনের কর্মকর্তা এবং গণমাধ্যমকর্মীদের একটি প্রতিনিধিদল বগুড়া সংলগ্ন শাওইল হ্যান্ডলুম ক্লাস্টার পরিদর্শন করে এবং ২৪ জানুয়ারি ২০২১ 'উদ্যোক্তাদের বর্তমান সমস্যা ও ভবিষ্যত করণীয়' বিষয়ে বগুড়া জেলা প্রশাসকের কার্যালয়ে মতবিনিময় সভার আয়োজন করে। বগুড়ার জেলা প্রশাসক মো. জিয়াউল হকের সভাপতিত্বে মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান, এসএমই ফাউন্ডেশনের পরিচালনা পর্ষদের সদস্য রাশেদুল করীম মুন্না, মহাব্যবস্থাপক ফারজানা খান, সহকারী মহাব্যবস্থাপক আবু মঞ্জুর সাঈফ ও মুহাম্মদ মোরশেদ আলম, বগুড়া হালকা প্রকৌশল এবং শাঁওইল হ্যান্ডলুম ক্লাস্টার প্রতিনিধি বাংলাদেশ ব্যাংক, বিটাক, নাসিব, বগুড়া চেম্বার, মাইডাস ফাইন্যান্স, ব্যাংক এশিয়া, এসএমই ফাউন্ডেশনের কর্মকর্তাবৃন্দ এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার ঢাকা ও স্থানীয় কার্যালয়ের সাংবাদিকগণ। মতবিনিময় সভায় ক্লাস্টারের উদ্যোক্তাদের সমস্যা এবং তাদের ব্যবসার উন্নয়নে স্বল্প ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা নিয়ে আলোচনা করা হয়। তাঁদের দাবিসমূহের মধ্যে ছিল, মুরইল হতে শাঁওইল পর্যন্ত রাস্তা প্রশস্ত ও সংস্কার এবং শাঁওইল বাজারে পণ্য প্রদর্শনের জন্য একটি স্থায়ী শেড নির্মাণ। জেলা প্রশাসকের নির্দেশনায় রাস্তাটির প্রশস্তকরণ সম্পন্ন হয় এবং শাঁওইল বাজারে শেড নির্মাণের জন্য উপজেলা প্রশাসনকে নির্দেশনা প্রদান করেন।

বগুড়া এসএমই ক্লাস্টার পরিদর্শনে উদ্যোক্তাদের সাথে অভিবিবৃদ্ধ

রাজশাহীর কালুহাটি পাদুকা ক্লাস্টারে কমন ফ্যাসিলিটি সেন্টার (সিএফসি) স্থাপনের লক্ষ্যে Feasibility Study

পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম এমপি'র কাছে Feasibility Study রিপোর্ট হস্তান্তর

০১ নভেম্বর ২০২০ পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম এমপি-এর কাছে রাজশাহীর কালুহাটি পাদুকা ক্লাস্টারে কমন ফ্যাসিলিটি সেন্টার এর উপর তৈরি করা 'Feasibility Study Report' হস্তান্তর করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক মো. সফিকুল ইসলাম। শ্রমনির্ভর উৎপাদন পদ্ধতি, আধুনিক যন্ত্রপাতি ও প্রযুক্তির অভাব, পণ্যের নিম্নমান, নিম্নমানের কমপ্লায়েন্স এবং পেশাগত স্বাস্থ্য সমস্যা সমাধানের প্রচেষ্টায় এই ক্লাস্টারে সিএফসি প্রতিষ্ঠার পরিকল্পনা করেছে এসএমই ফাউন্ডেশন। প্রস্তাবিত কমন ফ্যাসিলিটি সেন্টারে উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের জন্য একটি ডিসপ্লে সেন্টার, প্রশিক্ষণ কক্ষ, কম্পিউটার ল্যাব, সভাকক্ষ, অফিসকক্ষ ইত্যাদি সুবিধা অন্তর্ভুক্ত থাকবে।

ভৈরব পাদুকা শিল্প ক্লাস্টারে কমন ফ্যাসিলিটি সেন্টার (সিএফসি) স্থাপন বিষয়ে আলোচনা সভা

অবকাঠামো সীমাবদ্ধতা নিরসনে সরকারি বিনিয়োগ সুবিধা (PIFIC) প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন 'রপ্তানি প্রতিযোগিতার জন্য কর্মসংস্থান (EC4J)' প্রকল্পটি শিল্প এলাকাভিত্তিক সুবিধা প্রদান করছে। বিশ্ব ব্যাংকের অর্থায়নে

বাণিজ্য মন্ত্রণালয়ের এ প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। উক্ত প্রকল্পের আওতায় ভৈরব পাদুকা শিল্প ক্লাস্টারে কমন ফ্যাসিলিটি সেন্টার (সিএফসি) স্থাপন বিষয়ে 'রপ্তানি প্রতিযোগিতার জন্য কর্মসংস্থান (EC4J)' প্রকল্পের কর্মকর্তাদের সাথে অনলাইনে মতবিনিময় সভার আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। ৪ এপ্রিল ও ২২ এপ্রিল ২০২১ অনলাইনে আয়োজিত ২টি মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান, মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার ও ফারজানা খান, উপমহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার, ভৈরব পাদুকা শিল্প মালিক সমবায় সমিতির সভাপতি ও সেক্রেটারি এবং রফতানি প্রতিযোগিতার জন্য কর্মসংস্থান (EC4J) প্রকল্পের কর্মকর্তাগণ।

ভৈরব পাদুকা শিল্প ক্লাস্টারে কমন ফ্যাসিলিটি সেন্টার (সিএফসি) স্থাপন বিষয়ে আলোচনা সভা

ভৈরব পাদুকা শিল্প ক্লাস্টারে কমন ফ্যাসিলিটি সেন্টার (সিএফসি) স্থাপন বিষয়ে আলোচনা সভা

মতবিনিময় সভায় 'রপ্তানি প্রতিযোগিতার জন্য কর্মসংস্থান (EC4J)' প্রকল্প এবং এসএমই ফাউন্ডেশন এর যৌথ উদ্যোগে ভৈরব পাদুকা শিল্প ক্লাস্টারে কমন ফ্যাসিলিটি সেন্টার (সিএফসি) স্থাপন এবং ভবিষ্যত কর্মপরিকল্পনা নিয়ে আলোচনা করা হয়। এ প্রেক্ষিতে পরবর্তীতে ক্লাস্টার পরিদর্শন করা হয়। বর্তমানে ক্লাস্টারটিতে উক্ত প্রকল্পের আওতায় কমন ফ্যাসিলিটি সেন্টার (সিএফসি) স্থাপনের লক্ষ্যে 'Feasibility Study' এর কাজ চলমান রয়েছে।

কালুহাটি পাদুকা শিল্প ক্লাস্টার পরিদর্শন এবং সিএফসি স্থাপন বিষয়ে উদ্যোক্তাদের সাথে মতবিনিময় সভা

কালুহাটি পাদুকা শিল্প ক্লাস্টারে কমন ফ্যাসিলিটি সেন্টার (সিএফসি) স্থাপনের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক, উর্ধ্বতন কর্মকর্তা ও দু'জন পরামর্শকের সমন্বয়ে একটি প্রতিনিধিদল ২২ মে ২০২১ উক্ত ক্লাস্টার পরিদর্শন এবং উদ্যোক্তাদের সাথে মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন। কমন ফ্যাসিলিটি সেন্টার (সিএফসি) স্থাপনের জন্য কালুহাটি পাদুকা শিল্প ক্লাস্টারের উদ্যোক্তা কর্তৃক নির্ধারিত জায়গা এবং দোকান সরেজমিনে পরিদর্শন করা হয় এবং আলোচনা সভায় সিএফসিতে ব্যবহৃত সম্ভাব্য যন্ত্রপাতি বিষয়ে আলোচনা করা হয়।

কালুহাটি পাদুকা শিল্প ক্লাস্টার পরিদর্শন এবং সিএফসি স্থাপন বিষয়ে উদ্যোক্তাদের সাথে মতবিনিময় সভা

'Online Marketing: A complete guideline for SME entrepreneur' প্রশিক্ষণ



অনলাইনে আয়োজিত 'Online Marketing: A complete guideline for SME entrepreneurs' বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি

৩০ মে-০১ জুন ২০২১ অনলাইনে 'Online Marketing: A complete guideline for SME entrepreneurs' প্রশিক্ষণের আয়োজন করা হয়। প্রশিক্ষণে জামালপুর নকশীকাঁথা ক্লাস্টারের ২৩জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। এতে উদ্যোক্তাদের অনলাইন প্ল্যাটফর্ম ব্যবহার করে বিপণন পদ্ধতি বিশেষ করে ফেসবুক মার্কেটিং এর মাধ্যমে তাঁদের পণ্য গ্রাহকের দ্বারে পৌঁছে দিতে পারেন সে বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়।

ভাকুর্তা আর্টিফিশিয়াল জুয়েলারি শিল্প ক্লাস্টার পরিদর্শন ও মতবিনিময় সভা

০৯ জুন ২০২১ এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খানের নেতৃত্বে একটি প্রতিনিধিদল সাভারের 'ভাকুর্তা আর্টিফিশিয়াল জুয়েলারি শিল্প ক্লাস্টার' পরিদর্শন করেন। প্রতিনিধিদল ক্লাস্টারটির বর্তমান অবস্থা পর্যবেক্ষণ, সমস্যা ও সম্ভাবনা নিরূপণের লক্ষ্যে অংশীজনদের সাথে মতবিনিময় অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় ক্লাস্টারের দু'টি অ্যাসোসিয়েশন ভাকুর্তা স্বর্ণ ও রৌপ্য ব্যবসায়ী বহুমুখী সমিতি ও ভাকুর্তা সোনা, রূপা ও ইমিটেশন ব্যবসায়ী সমবায় সমিতি'র প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। সভায় উদ্যোক্তাগণ ক্লাস্টারের বর্তমান চিত্র, সুবিধা, অসুবিধাসমূহ তুলে ধরার পাশাপাশি সমস্যা থেকে উত্তরণ বিষয়ে ফাউন্ডেশনের সার্বিক সহযোগিতা কামনা করেন।

ক্লাস্টার উন্নয়ন উইং আয়োজিত প্রশিক্ষণসমূহ 'Marketing Techniques' প্রশিক্ষণ

ফাউন্ডেশনের উদ্যোগে বলদিয়া ক্রিকেট ব্যাট ক্লাস্টার, কুমারখালী টেক্সটাইল মিল ক্লাস্টার, গোবিন্দগঞ্জ হোসিয়ারি ক্লাস্টার, কালুহাটি

পাদুকা শিল্প ক্লাস্টার, নরসিংদী টেক্সটাইল মিল ক্লাস্টারসহ ৭টি ক্লাস্টারে উদ্যোক্তাদের মাঝে বিপণন কৌশল বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণের শুরুতে করোনা প্রতিরোধে করণীয় এবং অগ্নি নিরাপত্তা নিশ্চিতে বিভিন্ন বিষয় আলোচনা করা হয়।

'Marketing Techniques' প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের একাংশ

এছাড়া উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য সফলভাবে বিপণন প্রক্রিয়া, বর্তমান বাজার ব্যবস্থা, অনলাইন বিপণন মাধ্যম ইত্যাদি সম্পর্কে আলোচনা করা হয়। প্রতিটি প্রশিক্ষণে স্বাস্থ্যবিধি মেনে সামাজিক দূরত্ব নিশ্চিত করে ২০জন করে উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

'Basic Accounting' প্রশিক্ষণ

'Basic Accounting' প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের একাংশ

উদ্যোক্তাদের বেসিক অ্যাকাউন্টিং, ভাউচার, জার্নাল, খাতা এবং ট্রায়াল ব্যালেন্সের মতো অ্যাকাউন্টিং রেকর্ড সম্পর্কে প্রাথমিক ধারণা দেয়ার লক্ষ্যে ০৭-০৯ মার্চ ২০২১ পাবনা লাইট ইঞ্জিনিয়ারিং ক্লাস্টারে 'Basic Accounting' প্রশিক্ষণের আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি, পাবনা এর সহযোগিতায় প্রশিক্ষণে উদ্যোক্তাদের ব্যবসার হিসাব ব্যবস্থাপনা ও সঠিক হিসাবরক্ষণ বিষয়ে ধারণা প্রদান করা হয়। এছাড়া উদ্যোক্তাদের করোনা মোকাবেলায় এবং অগ্নি-নিরাপত্তা নিশ্চিতকরণে করণীয় নিয়ে আলোচনা করা হয়। তিন দিনব্যাপী প্রশিক্ষণে ২১জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

'VAT and Tax Procedures' প্রশিক্ষণ

২৫-২৭ জানুয়ারি ২০২১ মৌলভীবাজারের সুজানগরের আগর আতর ক্লাস্টারে 'VAT and Tax Procedures' প্রশিক্ষণের আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। প্রশিক্ষণে উদ্যোক্তাদেরকে সরাসরি পণ্য রপ্তানির ক্ষেত্রে ভ্যাট, ট্যাক্স বিষয়ে ধারণা প্রদান করা হয়। প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বড়লেখা উপজেলা নির্বাহী কর্মকর্তা শামীম আল ইমরান। তিন দিনব্যাপী এই প্রশিক্ষণে ২০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

'ব্যবসা ব্যবস্থাপনা' প্রশিক্ষণ

'ব্যবসা ব্যবস্থাপনা' প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের একাংশ

২৮ অক্টোবর-০১ নভেম্বর ২০২০ সিরাজগঞ্জের শাহজাদপুর হ্যান্ডলুম ক্লাস্টারে, ৩০ নভেম্বর-০২ ডিসেম্বর ২০২০ মুন্সীগঞ্জ নিটিং ক্লাস্টারে এবং ১৩-১৫ ডিসেম্বর পাবনার সাঁথিয়া হ্যান্ডলুম ক্লাস্টারে উদ্যোক্তাদের জন্য 'ব্যবসা ব্যবস্থাপনা' প্রশিক্ষণের আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। প্রশিক্ষণে উদ্যোক্তাদের ব্যবসা ব্যবস্থাপনার প্রাথমিক ধারণা থেকে শুরু করে সঠিক উৎপাদন পদ্ধতি অনুসরণ, পণ্য বাজারজাতকরণে সঠিক পন্থা অবলম্বন, পণ্য বহুমুখীকরণে উৎসাহিতকরণ, সঠিক পদ্ধতিতে ব্যবসায়ের হিসাবরক্ষণ ইত্যাদি বিষয়ে ধারণা দেয়া হয়। এছাড়া করোনাকালীন সময়ে ব্যবসা ব্যবস্থাপনায় বিকল্প পন্থা অবলম্বনেও উদ্যোক্তাদের উৎসাহিত করা হয়। ৩টি প্রশিক্ষণে ৬০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

'রপ্তানি ও আমদানি পদ্ধতি' প্রশিক্ষণ

'রপ্তানি ও আমদানি পদ্ধতি' প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের একাংশ

২৭-২৯ অক্টোবর ২০২০ নীলফামারীর সৈয়দপুর ক্ষুদ্র গার্মেন্টস ক্লাস্টারের উদ্যোক্তাদের জন্য 'রপ্তানি ও আমদানি পদ্ধতি' তিন দিনব্যাপী প্রশিক্ষণের আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। এতে উদ্যোক্তাদের কাছে 'রপ্তানি ও আমদানি পদ্ধতি' সমস্যা এবং সমাধান নিয়ে বিস্তারিত ধারণা তুলে ধরেন প্রশিক্ষকগণ। এছাড়া উৎপাদিত পণ্যের গুণগত মান উন্নয়ন এবং বহুমুখীকরণের মাধ্যমে রপ্তানীমুখী ব্যবসায় অংশগ্রহণের জন্য উদ্যোক্তাদেরকে উৎসাহিত করা হয়। সৈয়দপুর ক্ষুদ্র গার্মেন্টস ক্লাস্টারের উদ্যোক্তারা ভারত, নেপালসহ বিভিন্ন দেশে পণ্য রপ্তানি করেন। এই ক্লাস্টারে কাঁচামাল হিসেবে প্রায় শতভাগ ঝুট কাপড় ব্যবহার করা হয়। প্রশিক্ষণে নীলফামারীর সৈয়দপুর ক্ষুদ্র গার্মেন্টস ক্লাস্টারের ২০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

'Practical Accounts Maintaining' প্রশিক্ষণ

'Practical Accounts Maintaining' প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের একাংশ

১৮-২৪ ডিসেম্বর ২০২০ জামালপুর নকশীকাঁথা ক্লাস্টারের ৫জন উদ্যোক্তাকে 'Practical Accounts Maintaining' প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে আয়োজিত প্রশিক্ষণে প্রশিক্ষক উদ্যোক্তাদের ব্যবসা প্রতিষ্ঠান পরিদর্শন ও তথ্য সংগ্রহ করেন। পরবর্তীতে সংগৃহীত তথ্য-উপাত্তের ভিত্তিতে উদ্যোক্তাদের জন্য কাস্টমাইজড হিসাবরক্ষণ পদ্ধতি তৈরি করা হয়। ৭ দিনব্যাপী এই প্রশিক্ষণে উক্ত ক্লাস্টারের উদ্যোক্তাদের ব্যবহৃত হিসাবরক্ষণ পদ্ধতি পরিবর্তন এবং পরিবর্ধন করে সহজ, সাবলীল হিসাবরক্ষণ পদ্ধতি ডিজাইন করা হয় এবং ডিজাইনকৃত এই নতুন হিসাবরক্ষণ পদ্ধতির ব্যবহারযোগ্যতা পর্যবেক্ষণ করে উদ্যোক্তাদের মতামতের ভিত্তিতে প্রয়োজনীয় পরিবর্তন করা হয়।

ভৈরব পাদুকা শিল্প ক্লাস্টারে 'Fire Safety and Services' ও 'পণ্য বহুমুখীকরণ' প্রশিক্ষণ

'Fire Safety and Services' ও 'পণ্য বহুমুখীকরণ' প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের একাংশ

২৯ নভেম্বর-০১ ডিসেম্বর ২০২০ কিশোরগঞ্জের ভৈরব পাদুকা শিল্প ক্লাস্টারের উদ্যোক্তাদের জন্য 'Fire Safety and Services' প্রশিক্ষণের আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। প্রশিক্ষণে উদ্যোক্তাদের অগ্নি নিরাপত্তা বিষয়ে সচেতন করার পাশাপাশি অগ্নি নির্বাপণের পদ্ধতি সম্পর্কে ধারণা এবং ব্যবহারিক প্রয়োগ দেখানো হয়। এতে ২০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। ২৮ ডিসেম্বর-৩০ ডিসেম্বর ২০২০ কিশোরগঞ্জের ভৈরব পাদুকা শিল্প ক্লাস্টারের উদ্যোক্তাদের জন্য 'পণ্য বহুমুখীকরণ' প্রশিক্ষণের আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। এতে প্রশিক্ষণার্থীদেরকে লেডিসব্যাগ, মানিব্যাগ, বেল্ট, জুতাসহ চামড়াজাত বিভিন্ন পণ্য উৎপাদনের পদ্ধতি সম্পর্কে ধারণা দেয়া হয়। এতে ২০জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

'পণ্যের হিট এবং সার্ফেস ট্রিটমেন্ট' প্রশিক্ষণ

'পণ্যের হিট এবং সার্ফেস ট্রিটমেন্ট' প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের একাংশ

২৮-৩০ অক্টোবর ২০২০ বগুড়া লাইট ইঞ্জিনিয়ারিং ক্লাস্টারের উদ্যোক্তাদের জন্য লাইট ইঞ্জিনিয়ারিং পণ্যের হিট এবং সার্ফেস ট্রিটমেন্ট বিষয়ে ব্যবহারিক প্রশিক্ষণের আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। বগুড়া বিটাক-এর অবকাঠামোগত সুবিধাদি ব্যবহার করে উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের Heat Treatment এর ব্যবহারিক দিকগুলো তুলে ধরেন প্রশিক্ষণগণ। পাশাপাশি তারা করোনাকালীন সময়ে ব্যবসার নানাবিধ দিক তুলে ধরেন এবং উৎপাদিত পণ্যের বহুমুখীকরণ এবং মানোন্নয়নের বিষয়ে আলোকপাত করেন। প্রশিক্ষণে ২০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

'নকশী ডিজাইন এবং সেলাই কৌশল' প্রশিক্ষণ

'নকশী ডিজাইন এবং সেলাই কৌশল' প্রশিক্ষণ কর্মসূচিতে প্রশিক্ষক ও অতিথিবৃন্দ

চাঁপাইনবাবগঞ্জের নকশীকাঁথা ক্লাস্টারে 'নকশী ডিজাইন এবং সেলাই কৌশল' প্রশিক্ষণ অনুষ্ঠিত হয় ২২-২৪ সেপ্টেম্বর ২০২০। নকশী কাঁথায় নতুন ডিজাইন, কাঁথার পাড় সেলাই, জিগজ্যাগ সেলাই, নকশীকাঁথা তৈরি ইত্যাদি কার্যক্রম সম্পর্কে উদ্যোক্তাদের ধারণা প্রদান করা হয় প্রশিক্ষণে। প্রশিক্ষণে চাঁপাইনবাবগঞ্জের নকশীকাঁথা ক্লাস্টারের ২০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ হতে প্রাপ্ত দক্ষতা ব্যবহার করে পণ্যের ডিজাইনে নতুনত্বের মাধ্যমে দেশে ও বিদেশে পণ্যের বাজার বৃদ্ধি পাবে মর্মে আশা করা যায়।

'স্ক্রিন প্রিন্ট এবং ব্লক বাটিক কৌশল' প্রশিক্ষণ

জামালপুর নকশীকাঁথা ক্লাস্টারে 'স্ক্রিন প্রিন্ট এবং ব্লক বাটিক কৌশল' প্রশিক্ষণ অনুষ্ঠিত হয় ১৫-১৭ সেপ্টেম্বর ২০২০। প্রশিক্ষণে ব্লক প্রিন্ট, বাটিক প্রিন্ট, টাইডাই, কাপড়ে ছাপ মারা, কাপড়ে বাটিক করা ইত্যাদি বিষয়ে উদ্যোক্তাদের ধারণা প্রদান করা হয়। এ প্রশিক্ষণে জামালপুর

নকশীকাঁথা ক্লাস্টারের ২০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ হতে প্রাপ্ত দক্ষতা ব্যবহার করে পণ্যের ডিজাইনে নতুনত্বের মাধ্যমে দেশে ও বিদেশে পণ্যের বাজার বৃদ্ধি পাবে মর্মে আশা করা যায়

'ডিম ছিটি এবং ব্লক বাটিক কৌশল' প্রশিক্ষণ কর্মসূচিতে প্রশিক্ষক ও অংশগ্রহণকারী

মনিটরিং অ্যান্ড ইভালুয়েশন

শিল্প মন্ত্রণালয়ের সাথে এসএমই ফাউন্ডেশনের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর

সরকারি কর্মকাণ্ডে গতিশীলতা আনয়ন, দক্ষতা বৃদ্ধি ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে এবং সকল স্তরে স্বচ্ছতা ও দায়বদ্ধতা বৃদ্ধি, সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়নের জন্য ২০১৮-১৯ অর্থবছরের প্রথমবারের মত শিল্প মন্ত্রণালয়ের সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর করে এসএমই ফাউন্ডেশন। এপিএ প্রণয়ন ও বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন তৈরি ও তা শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করে এই উইং।

২০২০-২১ অর্থবছরে এসএমই খাতের উন্নয়নে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নে শিল্প মন্ত্রণালয়ের সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর করেছে এসএমই ফাউন্ডেশন। ২৬ জুলাই ২০২০ অনলাইনে আয়োজিত অনুষ্ঠানে শিল্প মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থাগুলোর প্রধানগণ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করেন। এসএমই ফাউন্ডেশনের পক্ষে এপিএ স্বাক্ষর করেন তৎকালীন ব্যবস্থাপনা পরিচালক মো. সফিকুল ইসলাম। সরকারের উন্নয়ন পরিকল্পনা এবং এসএমই নীতিমালা ২০১৯ বাস্তবায়নকে বিবেচনায় নিয়ে ২০২০-২১ অর্থবছরে বাস্তবায়নের জন্য ৫টি কৌশলগত লক্ষ্যের আওতায় ৩২টি কার্যক্রম এবং ৪৬টি কর্মসম্পাদন সূচক রয়েছে। শিল্পসচিব কে এম আলী আজমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি এবং বিশেষ অতিথি ছিলেন শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার এমপি। শিল্প মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থা প্রধানগণ স্বীয় দপ্তর থেকে অনলাইনে সভায় যোগদান করেন এবং প্রতিষ্ঠানের পক্ষে শিল্প মন্ত্রণালয়ের সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর করেন। অনুষ্ঠানে শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর ও সংস্থাসমূহের প্রধানদের মধ্যে বিসিক চেয়ারম্যান মো. মোশতাক হাসান এনডিসি এবং এসএমই ফাউন্ডেশনের তৎকালীন ব্যবস্থাপনা পরিচালক মো. সফিকুল ইসলাম বক্তব্য রাখেন। ২৮ জুন ২০২১ শিল্প মন্ত্রণালয়ের সাথে চতুর্থবারের মতো এসএমই ফাউন্ডেশনের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষরিত হয়। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি ও বিশেষ অতিথি ছিলেন শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার এমপি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শিল্পসচিব জাকিয়া সুলতানা। এসএমই ফাউন্ডেশনের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান। ২০২১-২০২২ অর্থবছরের এপিএ'তে ৩২টি কার্যক্রমের অধীনে ৪৩টি কর্মসম্পাদন সূচক রয়েছে। সরকারি কর্মকাণ্ডে গতিশীলতা আনয়ন, দক্ষতা বৃদ্ধি ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে এবং সকল স্তরে স্বচ্ছতা ও দায়বদ্ধতা বৃদ্ধি, সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়নের জন্য ২০১৪-১৫ অর্থবছরে প্রথমবারের মতো বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতির আওতায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) চালু করা হয়। ২০১৮-১৯ অর্থবছরের প্রথমবারের মত এপিএ সফলভাবে বাস্তবায়ন করায় এসএমই ফাউন্ডেশন দ্বিতীয় স্থান অর্জন করে।

এপিএ স্বাক্ষর অনুষ্ঠানে শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি, শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার এমপি, শিল্পসচিব জনাব জাকিয়া সুলতানা'র সাথে ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক

প্রযুক্তি উন্নয়ন

এসএমইদের সক্ষমতা উন্নয়নে আধুনিক প্রযুক্তির ব্যবহার, প্রযুক্তি উন্নয়ন, আমদানিকৃত প্রযুক্তি গ্রহণ, রিভার্স ইঞ্জিনিয়ারিং এবং প্রোডাক্ট কমপ্লায়েন্স ও সার্টিফিকেশনের মাধ্যমে এই খাতের উন্নয়নে এসএমই ফাউন্ডেশন বিভিন্ন ধরনের কর্মকাণ্ড পরিচালনা করে। এছাড়া ফাউন্ডেশন এসএমইদের গ্রিন টেকনোলজি এবং এনার্জির দক্ষ ব্যবহারে নানামুখী কাজ করে। প্রতিযোগিতার প্রেক্ষাপটে পণ্যের মান পর্যায়ক্রমে বিশ্বমানে উন্নীতকরণ কোয়ালিটি সার্টিফিকেশন (যেমন- আইএসও-৯০০০, আইএসও-১৪০০০) উন্নত ও মানসমৃদ্ধ ডিজাইন এবং উন্নত প্যাকেজিং ব্যবস্থা নিশ্চিতকরণে সহায়তা করে এই উইং। এ পর্যন্ত ১৩টি প্রতিষ্ঠান ফাউন্ডেশনের সহায়তায় ISO 22000 সনদ অর্জন করেছে। আধুনিক প্রযুক্তি হস্তান্তর এবং এসএমই উদ্যোক্তাদের কারিগরি দক্ষতা বৃদ্ধি, পণ্যের মানোন্নয়ন ও উৎপাদনশীলতা বৃদ্ধি বিষয়ে বিভিন্ন কার্যক্রম গ্রহণের মাধ্যমে প্রায় সাড়ে ৫ হাজার উদ্যোক্তা এবং তাঁদের কর্মীদের সহায়তা প্রদান করা হয়েছে। ফাউন্ডেশনের উদ্যোগে বর্তমানে আরো ৮টি শিল্প প্রতিষ্ঠানে ISO 22000 বাস্তবায়ন কর্মসূচি চলমান আছে।

২০২০-২১ অর্থবছরে প্রশিক্ষণ, কর্মশালা, মতবিনিময়, সেমিনারসহ ২৪টি কর্মসূচি বাস্তবায়ন করেছে প্রযুক্তি উন্নয়ন উইং। এসব কর্মসূচির সুবিধাভোগী ৫৯৭জন ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা। উল্লেখযোগ্য কর্মসূচিসমূহের বিবরণ নিম্নে উল্লেখ করা হলো:

'বেকারি শিল্পে আধুনিক প্যাকেজিং প্র্যাকটিস' কর্মশালা

২৩-২৪ ফেব্রুয়ারি ২০২১ নারায়ণগঞ্জে 'বেকারি শিল্পে আধুনিক প্যাকেজিং প্র্যাকটিস' কর্মশালার আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। কর্মশালার উদ্বোধন করেন বাংলাদেশ স্ট্যান্ডার্ডস অ্যান্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই)-এর মহাপরিচালক ড. মো. নজরুল আনোয়ার। সভাপতিত্ব করেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা

পরিচালক ড. মো. মফিজুর রহমান। কর্মশালায় পণ্যের মান রক্ষায় মোড়কজাতকরণ এর প্রয়োজনীয়তা, এ বিষয়ক বিধি-প্রবিধানমালা, পণ্যের কৌশলগত বাজারজাতকরণে মোড়কে নকশার গুরুত্ব সম্পর্কে উদ্যোক্তাদের ধারণা প্রদান করা হয়।

'বেকারি শিল্পে আধুনিক প্যাকেজিং প্রযুক্তি' কর্মশালায় অংশগ্রহণকারীদের একাংশ

এছাড়া প্যাকেজিং মেশিন সরবরাহকারী প্রতিষ্ঠান পরিদর্শন করে মোড়কজাতকরণে আধুনিক প্যাকেজিং প্রযুক্তি ডেমনসট্রেশন করা হয়। বাংলাদেশ ব্রেড বিস্কুট ও কনফেকশনারি প্রস্তুতকারক সমিতি, নারায়ণগঞ্জ এর ২১জন উদ্যোক্তা/প্রতিনিধি কর্মশালায় অংশগ্রহণ করেন।

'বেকারি শিল্পে সঠিক উৎপাদন রীতি অনুশীলন' প্রশিক্ষণ

'বেকারি শিল্পে সঠিক উৎপাদন রীতি অনুশীলন' প্রশিক্ষণ অনুষ্ঠানে অতিথিবৃন্দ

বেকারি শিল্পে নিরাপদ খাদ্য উৎপাদনে দেশব্যাপী উদ্যোক্তাদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন জেলায় 'বেকারি শিল্পে সঠিক উৎপাদন রীতি অনুশীলন' প্রশিক্ষণের আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। প্রশিক্ষণে স্বাস্থ্যসম্মত পরিবেশ ও পদ্ধতি অবলম্বন করে নিরাপদ খাদ্য উৎপাদনের ব্যবস্থাপনা, পণ্য প্রস্তুত, সংরক্ষণ ও সরবরাহ করার সময় ব্যক্তিগত পরিচ্ছন্নতা, কারখানার অভ্যন্তরীণ ও বাহ্যিক পরিবেশ, প্রসেস লাইনের পরিচ্ছন্নতা, খাবারের মেয়াদ ও মান বিষয়ে উদ্যোক্তাদের ক্লাসরুম লেকচার ও ব্যবহারিক ডেমন্সট্রেশনের মাধ্যমে ধারণা প্রদান করা হয়। প্রশিক্ষণের শেষ দিন বিএসটিআই-এর প্রতিনিধি নিরাপদ খাদ্য উৎপাদনে বিএসটিআই কর্তৃক প্রণীত বিধি-বিধান নিয়ে আলোচনা করেন। বরিশালে আয়োজিত প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান। সভাপতিত্ব করেন বরিশাল জেলা প্রশাসক জসীম উদ্দীন হায়দার। ০৩-০৫ অক্টোবর ঠাকুরগাঁও, ০৭-০৯ অক্টোবর কুড়িগ্রাম ও ০৩-০৫ নভেম্বর নাটোরে 'বেকারি শিল্পে সঠিক উৎপাদন রীতি অনুশীলন' বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। উল্লেখ্য, ফাউন্ডেশন হতে প্রায় ৬৫০জন বেকারি উদ্যোক্তা/প্রতিনিধিকে Good Manufacturing Practice প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

'ফার্নিচার শিল্পের জন্য সিএনসি উড রাউটিং' কর্মশালা

'ফার্নিচার শিল্পের জন্য সিএনসি উড রাউটিং' কর্মশালায় অংশগ্রহণকারীদের একাংশ

এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে 'ফার্নিচার শিল্পের জন্য সিএনসি উড রাউটিং' কর্মশালা আয়োজন করা হয়। উক্ত কর্মশালায় বগুড়া জেলার ১৯টি ফার্নিচার উৎপাদনকারী প্রতিষ্ঠানের ২০জন উদ্যোক্তা ও উৎপাদনকর্মী অংশগ্রহণ করেন। কর্মশালায় আধুনিক সিএনসি প্রযুক্তি, এর আত্তীকরণে প্রয়োজনীয় প্রস্তুতি, ২-ডি ও ৩-ডি ডিজাইনিং, সিএনসি প্রোগ্রামিং ও মেশিন অপারেশনসহ প্রভৃতি বিষয়ে প্রাথমিক ধারণা প্রদান ও ব্যবহারিক কার্যক্রম বাস্তবায়ন করা হয়। কর্মশালার উদ্বোধন করেন ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান।

'বয়লার পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা' প্রশিক্ষণ

জাতীয় শিল্পনীতি ২০১৬ এ উচ্চ অগ্রাধিকারপ্রাপ্ত কৃষি/খাদ্য প্রক্রিয়াজাতকরণ এবং কৃষি যন্ত্রপাতি প্রস্তুতকারী শিল্পসহ বিভিন্ন শিল্পে ব্যবহৃত একটি অপরিহার্য যন্ত্র বয়লার। তবে আনুষ্ঠানিক শিক্ষা ও যথাযথ প্রশিক্ষণের অভাবে অধিকাংশ অপারেটরই বয়লারের বিজ্ঞানসম্মত ব্যবহারবিধি সম্পর্কে অবগত নন। তাই প্রতিনিয়ত দুর্ঘটনাজনিত কারণে জানমালের ব্যপক ক্ষয়ক্ষতির ঝুঁকি বৃদ্ধি পাচ্ছে। এই প্রেক্ষিতে যুগোপযোগী জ্ঞানসম্পন্ন সুদক্ষ বয়লার অপারেটর তৈরিতে প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের সহযোগিতায় ০২-০৮ নভেম্বর ২০২০ কুষ্টিয়া জেলায় ৭ দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজন করা হয়।

Food Safety Mangemnt System (FSMS)- ISO 22000:2018 প্রশিক্ষণ

এসএমই খাতের খাদ্য প্রক্রিয়াজাতকরণ প্রতিষ্ঠানসমূহে নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়নের উদ্দেশ্যে ১৩-২০ ডিসেম্বর ২০২০ 'Professional Development Course on Food Safety Management System (FSMS)- ISO 22000:2018' বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। প্রশিক্ষণে খাদ্য প্রক্রিয়াজাতকরণ প্রতিষ্ঠানসমূহে নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়নের উদ্দেশ্য, গুরুত্ব, এর মাধ্যমে ISO 22000:2018 সনদ অর্জনের প্রক্রিয়া, গুরুত্ব ও প্রয়োজনীয়তা সম্পর্কে উদ্যোক্তাদের ধারণা দেয়া হয়। প্রশিক্ষণের অংশ হিসেবে উদ্যোক্তাগণ আশুলিয়ায় ISO 22000 সনদ প্রাপ্ত কাজী ফুড ইন্ডাস্ট্রিজ লি. পরিদর্শন করেন। প্রশিক্ষণে ১৫জন উদ্যোক্তা-প্রতিনিধি অংশগ্রহণ করেন।

করোনাকালে 'এসএমই'তে নিরাপদ খাদ্য উৎপাদন' ওয়েবিনার

করোনাকালে নিরাপদ খাদ্য উৎপাদন বিষয়ে উদ্যোক্তাদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ০৯ নভেম্বর ২০২০ অনলাইনে 'করোনাকালে 'এসএমই'তে নিরাপদ খাদ্য উৎপাদন' বিষয়ে ওয়েবিনার আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। ওয়েবিনারে প্রধান অতিথি ছিলেন ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান। বিশেষ অতিথি ছিলেন বিএসটিআই এর মহাপরিচালক ড. মো. নজরুল

আনোয়ার এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সদস্য মঞ্জুরুল মোর্শেদ আহমেদ। সভাপতিত্ব করেন এসএমই ফাউন্ডেশনের তৎকালীন ব্যবস্থাপনা পরিচালক মো. সফিকুল ইসলাম। ওয়েবিনারে স্বাগত বক্তব্য রাখেন ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক জনাব ফারজানা খান। এসএমই উদ্যোক্তাগণ করোনাকালে কীভাবে নিরাপদ খাদ্য উৎপাদন করবেন, প্রস্তুতকৃত খাদ্যকে নিরাপদ অবস্থায় কীভাবে ভোক্তার কাছে পৌঁছে দিতে পারেন এবং আন্তর্জাতিকভাবে স্বীকৃত নিরাপদ খাদ্য উৎপাদনের অন্যতম ব্যবস্থাপনা পদ্ধতি সম্পর্কে ওয়েবিনারে উদ্যোক্তাদের ধারণা দেয়া হয়।

'করোনাকালে 'এসএমই'তে নিরাপদ খাদ্য উৎপাদন' ওয়েবিনারে অংশগ্রহণকারীদের একাংশ

ওয়েবিনারে বাংলাদেশ অ্যাগ্রো প্রসেসরস অ্যাসোসিয়েশন (বাপা)-এর ভাইস প্রেসিডেন্ট সৈয়দ মোহাম্মদ শোয়েব হাসান, বাংলাদেশ ব্রেড বিস্কুট ও কনফেকশনারি প্রস্তুতকারক সমিতির উত্তরবঙ্গ পরিষদের সভাপতি মো. মাকসুদুল আলম পাটোয়ারী, GAIN Bangladesh এর কান্ট্রি ডিরেক্টর রুদাবা খন্দকার, অ্যালকিউমাস বাংলাদেশ এর ম্যানেজিং ডিরেক্টর জনাব সৈয়দা কানিজ ফাতেমা, FAO এর ন্যাশনাল ফুড সেফটি কনসালটেন্ট মো. মাসুদ আলম, খাদ্য প্রক্রিয়াজাতকরণ এর সাথে সম্পৃক্ত এসএমই উদ্যোক্তাগণ, সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনের প্রতিনিধি, দেশী/বিদেশী সংস্থার প্রতিনিধি এবং ফাউন্ডেশনের বিভিন্ন কর্মসূচিতে অংশগ্রহণকারী উদ্যোক্তা ও পরামর্শকসহ ৬৮জন অংশগ্রহণ করেন।

'এসএমই উন্নয়নে মেধাস্বত্ব অধিকার' ওয়েবিনার

'এসএমই উন্নয়নে মেধাস্বত্ব অধিকার' ওয়েবিনারে অংশগ্রহণকারীদের একাংশ

১১ ফেব্রুয়ারি ২০২১ 'এসএমই উন্নয়নে মেধাস্বত্ব অধিকার' ওয়েবিনার আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। এসএমই উদ্যোক্তাদের জ্ঞানভিত্তিক সম্পদের আইনী অধিকার সুরক্ষা, সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ এবং প্রতিযোগিতা সক্ষমতা উন্নয়নে সচেতনতা তৈরির লক্ষ্যে ওয়েবিনারটি আয়োজন করা হয়। ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানের সভাপতিত্বে ওয়েবিনারে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)-এর মহাপরিচালক আনোয়ার হোসেন চৌধুরী। প্যানেল আলোচক ছিলেন জনাব মো. আবদুস সাত্তার, রেজিস্ট্রার, পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি)। স্বাগত বক্তব্য রাখেন ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খান। ওয়েবিনারে ৭৫জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

'এসএমই উন্নয়নে উৎপাদনশীলতা' ওয়েবিনার

'এসএমই উন্নয়নে উৎপাদনশীলতা' ওয়েবিনারে অংশগ্রহণকারীদের একাংশ

১৪ জুন ২০২১ অনলাইনে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে 'এসএমই উন্নয়নে উৎপাদনশীলতা' ওয়েবিনার অনুষ্ঠিত হয়। ওয়েবিনারের লক্ষ্য ছিলো, এসএমই পণ্য ও সেবার মানোন্নয়ন, সম্পদের দক্ষ ব্যবহার নিশ্চিতকরণ এবং সর্বোপরি প্রতিযোগিতা সক্ষমতা বৃদ্ধিতে উৎপাদনশীলতার ভূমিকা বৃদ্ধি এবং এ বিষয়ে সচেতনতা তৈরি। ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নিশ্চিন্ত কুমার পোদ্দার, সাবেক পরিচালক, ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)। প্যানেল আলোচক ছিলেন মির্জা নূরুল গণী শোভন, সভাপতি, জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি-বাংলাদেশ (নাসিব) এবং অধ্যাপক ড. এ. কে. এম. মাসুদ, বিভাগীয় প্রধান, ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং (আইপিই) বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)। মূল প্রবন্ধ উপস্থাপন করেন মো. রাজু আহম্মেদ, গবেষণা কর্মকর্তা, এনপিও। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খান। ওয়েবিনারে ৯০জন উদ্যোক্তা ও প্রতিনিধি, সেক্টর বিশেষজ্ঞ ও অন্যান্য অংশীজন অংশগ্রহণ করেন।

'শিল্প প্রতিষ্ঠানে নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও করণীয়' মতবিনিময় সভা

মতবিনিময় সভায় অংশগ্রহণকারীদের একাংশ

৭ জুন ২০২১ অনলাইনে 'শিল্প প্রতিষ্ঠানে নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা পদ্ধতি (Food Safety Management System (FSMS) - ISO 22000) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও করণীয়' বিষয়ে

মতবিনিময় সভার আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। সভায় ফাউন্ডেশনের উদ্যোগে FSMS - ISO 22000 বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা, করোনাকালীন সময়ে ব্যবসা স্বাভাবিক রেখে FSMS বাস্তবায়ন ও আন্তর্জাতিক সনদ ISO 22000 প্রাপ্তির লক্ষ্যে করণীয় সম্পর্কে আলোচনা করা হয়। ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খানের সভাপতিত্বে অনুষ্ঠানে FSMS বাস্তবায়নাধীন খাদ্য প্রক্রিয়াজাতকরণ প্রতিষ্ঠানসমূহের উদ্যোক্তা/প্রতিনিধি ও পরামর্শকগণ অংশগ্রহণ করেন।

'শিল্প প্রতিষ্ঠানে কাইজেন বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও করণীয়' মতবিনিময় সভা

'শিল্প প্রতিষ্ঠানে কাইজেন বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও করণীয়' মতবিনিময় সভায় অংশগ্রহণকারীদের একাংশ

১৬ জুন ২০২১ এসএমই ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে 'শিল্প প্রতিষ্ঠানে কাইজেন বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও করণীয়' বিষয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খানের সভাপতিত্বে অনুষ্ঠানে শিল্প প্রতিষ্ঠানে কাইজেন বাস্তবায়নের বর্তমান অগ্রগতি পর্যালোচনা ও আশু সমাপ্তির লক্ষ্যে করণীয় সম্পর্কে আলোচনা করা হয়। সভায় কাইজেন বাস্তবায়নাধীন প্রতিষ্ঠানসমূহের উদ্যোক্তা/প্রতিনিধি ও পরামর্শকগণ অংশগ্রহণ করেন।

'হালকা প্রকৌশল শিল্প: মোটরসাইকেল শিল্পের ব্যাকওয়ার্ড লিংকেজ উন্নয়ন প্রেক্ষিত' ওয়েবিনার

'হালকা প্রকৌশল শিল্প: মোটরসাইকেল শিল্পের ব্যাকওয়ার্ড লিংকেজ উন্নয়ন প্রেক্ষিত' ওয়েবিনারে অংশগ্রহণকারীদের একাংশ

২৩ ডিসেম্বর ২০২০ অনলাইনে 'হালকা প্রকৌশল শিল্প: মোটরসাইকেল শিল্পের ব্যাকওয়ার্ড লিংকেজ উন্নয়ন প্রেক্ষিত' ওয়েবিনারের আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন তৎকালীন শিল্পসচিব কে এম আলী আজম। বিশেষ অতিথি ছিলেন জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (শুল্ক নীতি ও আইসিটি) সৈয়দ গোলাম কিবরীয়া এবং বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) এর মহাপরিচালক আনোয়ার হোসেন চৌধুরী। ওয়েবিনারে প্যানেল আলোচক ছিলেন বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি'র সভাপতি মো. আব্দুর রাজ্জাক, মোটরসাইকেল ম্যানফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশনের সভাপতি হাফিজুর রহমান খান এবং শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. সেলিম উদ্দিন। ওয়েবিনারে স্বাগত বক্তব্য রাখেন ফাউন্ডেশনের তৎকালীন ব্যবস্থাপনা পরিচালক মো. সফিকুল ইসলাম। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খান। মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিটাক-এর পরিচালক ড. মোঃ সৈয়দ এহসানুল করিম।

নারী-উদ্যোক্তা উন্নয়ন

উন্নয়নের মূল স্রোত-ধারায় নারী-উদ্যোক্তাদের অন্তর্ভুক্তি ও নারীর ক্ষমতায়ন নিশ্চিতকরণের লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করে ফাউন্ডেশনের নারী-উদ্যোক্তা উন্নয়ন উইং। এ সংক্রান্ত উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ হলো: উইম্যান চেম্বার/ট্রেডবডিসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, নারী-উদ্যোক্তাদের অর্থায়নে ব্যাংকার উদ্বুদ্ধকরণ কর্মসূচি, নারী-উদ্যোক্তা বিষয়ক স্টাডি পরিচালনা, নারী-উদ্যোক্তা বান্ধব পরিবেশ তৈরিতে পলিসি অ্যাডভোকেসি, পণ্য বাজারজাতকরণে ক্রেতা-বিক্রেতা সম্মেলন আয়োজন প্রভৃতি।

নারী-উদ্যোক্তা সৃষ্টি ও নারী-উদ্যোক্তাদের প্রতিযোগিতা সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রায় ২৫০টি বিশেষ প্রশিক্ষণ কর্মসূচির আওতায় ৮ হাজারের বেশি নারী-উদ্যোক্তা ও প্রশিক্ষণার্থীকে বিভিন্ন ধরনের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া দেশব্যাপী ব্যবসা ব্যবস্থাপনা, পণ্য বহুমুখীকরণ এবং নেটওয়ার্ক বৃদ্ধিসহ বিভিন্ন কর্মসূচির মাধ্যমে প্রায় ৫ হাজার নারী-উদ্যোক্তা উপকৃত হয়েছেন। নারী আইসিটি ফ্রিল্যান্সার এবং উদ্যোক্তা উন্নয়ন কর্মসূচি' শীর্ষক প্রকল্পের আওতায় ৬৪ জেলায় ৩ হাজার নারী-আইসিটি উদ্যোক্তা তৈরি করা হয়েছে। দেশের নারী-উদ্যোক্তাদের রপ্তানি বাণিজ্যে অংশগ্রহণ বৃদ্ধির লক্ষ্যে Trade Facilitation Office Canada (TFO Canada) -এর সাথে ফাউন্ডেশন পাঁচ বছর মেয়াদি Women in Trade for Inclusive and Sustainable Growth (WITISG) প্রকল্প চলমান রয়েছে।

২০২০-২১ অর্থবছরে প্রশিক্ষণ, কর্মশালা, মতবিনিময়, সেমিনারসহ ৫২টি কর্মসূচি বাস্তবায়ন করেছে নারী-উদ্যোক্তা উন্নয়ন উইং। এসব কর্মসূচির সুবিধাভোগী ১৯২০জন ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা। উল্লেখযোগ্য কর্মসূচিসমূহের বিবরণ নিম্নে উল্লেখ করা হলো:

আন্তর্জাতিক নারী দিবস ২০২১ উপলক্ষ্যে 'মুজিববর্ষে নারী-উদ্যোক্তাদের অগ্রগতি ও চ্যালেঞ্জ' সেমিনার

'মুজিববর্ষে নারী-উদ্যোক্তাদের অগ্রগতি ও চ্যালেঞ্জ' সেমিনারে শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি, শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার এমপি ও শিল্পসচিব কে এম আলী আজমসহ অতিথিবৃন্দ

আন্তর্জাতিক নারী দিবস ২০২১ উপলক্ষে ১৪ মার্চ ২০২১ এসএমই ফাউন্ডেশন কর্তৃক 'মুজিববর্ষে নারী-উদ্যোক্তাদের অগ্রগতি ও চ্যালেঞ্জ'

সেমিনারের আয়োজন করা হয়। এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানের সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি ছিলেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি। বিশেষ অতিথি হিসেবে শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার এমপি এবং তৎকালীন শিল্পসচিব কে এম আলী আজম উপস্থিত ছিলেন। এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খানের সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান। মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) এর সিনিয়র রিসার্চ ফেলো ড. নাজনীন আহমেদ। মূল প্রবন্ধের ওপর আলোচনা করেন চট্টগ্রাম উইমেন চেম্বার সভাপতি মিসেস মনোয়ারা হাকিম আলী এবং জয়িতা ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক মিসেস আফরোজা খান।

'ক্রেতা-বিক্রেতা সম্মিলনে অংশগ্রহণকারী নারী-উদ্যোক্তাদের প্রস্তুতি' কর্মশালা

নারী-উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের বাজার সংযোগে সহায়তা প্রদানের লক্ষ্যে প্রতি বছর ক্রেতা-বিক্রেতা সম্মিলন আয়োজন করা হয়। এরই ধারাবাহিকতায় ২০২১ সালে ক্রেতা-বিক্রেতা সম্মিলন আয়োজনের লক্ষ্যে নারী-উদ্যোক্তাদের প্রস্তুতিমূলক কর্মশালা ৩১ মার্চ ২০২১ অনলাইনে আয়োজন করা হয়। কর্মশালায় রিসোর্সপার্সন ছিলেন বাংলাক্রাফট-এর সভাপতি এবং নিপুন এর স্বত্বাধিকারী আশরাফুর রহমান (ফারুক), ফ্যাশন হাউস বিবিয়ানার স্বত্বাধিকারী ও ডিজাইনার মিসেস লিপি খন্দকার, ফ্যাশন হাউস অঞ্জনস এর স্বত্বাধিকারী জনাব খালেদ খান, স্বত্বাধিকারী, কে ক্রাফটস। অনুষ্ঠানে ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খান এবং সহকারী মহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান, ব্যবস্থাপক নাজমা খাতুন উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ৩৫জন নারী উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

'Business Planning & Effective Communication' প্রশিক্ষণ

'Business Planning & Effective Communication' প্রশিক্ষণে অংশগ্রহণকারী উদ্যোক্তাদের সাথে অতিথিবৃন্দ

ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের মাঝে ঋণ বিতরণের লক্ষ্যে বিভিন্ন ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহের সাথে এসএমই ফাউন্ডেশনের সমঝোতা চুক্তি রয়েছে। এই সমঝোতা চুক্তির আওতায় এসএমই ফাউন্ডেশন ও আইডিএলসির যৌথ উদ্যোগে ০৬-০৮ ফেব্রুয়ারি ২০২১ বগুড়ায়, ০৯-১১ ফেব্রুয়ারি ২০২১ নাটোরে এবং ১৩-১৫ ফেব্রুয়ারি ২০২১ রাজশাহীতে 'Business Planning & Effective Communication' তিন দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজিত হয়। প্রশিক্ষণসমূহে ৭০জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

'এসো উদ্যোক্তা হই' কর্মশালা

১১ ফেব্রুয়ারি ২০২১ নারী-উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে অনলাইনে 'এসো উদ্যোক্তা হই' কর্মশালার আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। দেশের বিভিন্ন প্রান্ত থেকে উদ্যোক্তা হতে আগ্রহীরা জুম প্লাটফর্মের মাধ্যমে কর্মশালায় যুক্ত হন। কর্মশালায় ৪জন প্রতিষ্ঠিত উদ্যোক্তা এফএম প্লাষ্টিক্স-এর স্বত্বাধিকারী গাজী তৌহিদুর রহমান, ব্রাইডাল ক্রিয়েশনস-এর স্বত্বাধিকারী আবিদা সুলতানা, ইনডেট গ্রুপ-এর ব্যবস্থাপনা পরিচালক আল শাহরিয়ার আহমেদ এবং পঞ্চরঙ-এর প্রতিষ্ঠাতা সাদিকা তাসনীম অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে নিজেদের সফলতার গল্প উপস্থাপন করেন এবং তাদের বিভিন্ন প্রশ্নের দেন। কর্মশালায় প্রধান অতিথি ছিলেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান।

'এসো উদ্যোক্তা হই' কর্মশালায় অংশগ্রহণকারীদের একাংশ

'জুয়েলারি প্রস্তুতকরণ' প্রশিক্ষণ

০৮ ডিসেম্বর ২০২০ অনলাইনে 'Refreshers Training on Jewellery Making for Women Entrepreneurs' প্রশিক্ষণের আয়োজন করা হয়। প্রশিক্ষণের মাধ্যমে নারী-উদ্যোক্তাদেরকে জুয়েলারি প্রস্তুতকরণের ক্ষেত্রে উদ্ভূত সমস্যাবলী সমাধানে বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করা হয়।

'Business Crisis Management & Stress Management' কর্মশালা

'Business Crisis Management & Stress Management' কর্মশালায় অংশগ্রহণকারীদের একাংশ

কোভিড-১৯ প্রেক্ষাপটে আর্থিক ক্ষতি কাটিয়ে ব্যবসা টিকিয়ে রাখতে এবং মানসিক শক্তি জোগাতে নারী-উদ্যোক্তাদের জন্য কৌশলগত করণীয় নির্ধারণে 'Business Crisis Management & Stress Management (Mental Health)' কর্মশালা আয়োজন করে এসএমই ফাউন্ডেশনের নারী-উদ্যোক্তা উন্নয়ন উইং। ১৮-১৯ নভেম্বর ২০২০ এবং ০৯-১০ ডিসেম্বর ২০২০ অনলাইনে আয়োজিত কর্মশালা ২টিতে প্রায় ৫০জন নারী-উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

'Gender equity & social inclusion in Trade Support Institutes (TSIs)' কর্মশালা

এসএমই ফাউন্ডেশন এবং TFO Canada মধ্যকার সমঝোতা স্মারকের আওতায় WOMEN IN TRADE FOR

INCLUSIVE AND SUSTAINABLE GROWTH (WITISG) 2019-2024 কার্যক্রম চলমান রয়েছে। রপ্তানি বাণিজ্যে নারী-উদ্যোক্তাদের অংশগ্রহণ সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ১০ এপ্রিল ২০২১ আয়োজিত কর্মশালায় নারী-উদ্যোক্তা উন্নয়নের সাথে যুক্ত নারী-উদ্যোক্তা চেম্বার, অ্যাসোসিয়েশন, ট্রেডবডিসহ ১৫টি প্রতিষ্ঠানের সভাপতি ও প্রতিনিধিদের যুক্ত করে কর্মশালাটি আয়োজিত হয়।

'Gender equity & social inclusion in Trade Support Institutes (TSIs)' কর্মশালায় অংশগ্রহণকারীদের একাংশ

কর্মসূচির আওতায় সহযোগী সংস্থা হিসেবে রয়েছে, রপ্তানি উন্নয়ন ব্যুরো, বিজনেস প্রমোশন কাউন্সিল, ডিসিসিআই, বাংলা ক্রাফট, চট্টগ্রাম উইম্যান চেম্বার, ঢাকা উইমেন চেম্বার, Women Entrepreneurs Association of Bangladesh (WEAB), Women Entrepreneurs Network for Development (WEND), Bangladesh Jute Goods Exporters Association (BJGEA), লাইট ক্যাসল। ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান কর্মশালাটিতে যুক্ত ছিলেন। কর্মশালা পরবর্তী ১৩-১৫ এপ্রিল ২০২১ 'Gender equity & social inclusion in Trade Support Institutes (TSIs): Gender Action Plan Preparation' বিষয়ে তিনদিনব্যাপী প্রশিক্ষণ আয়োজিত হয়। প্রশিক্ষণটিতে এসএমই ফাউন্ডেশনসহ ১২টি প্রতিষ্ঠানের সভাপতি/প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন।

'নারী-উদ্যোক্তা-ব্যাংকার ম্যাচমেকিং' কর্মশালা

'নারী-উদ্যোক্তা-ব্যাংকার ম্যাচমেকিং' কর্মশালায় অংশগ্রহণকারীদের একাংশ

করোনা মহামারীতে ক্ষতিগ্রস্ত নারী-উদ্যোক্তাদের জন্য প্রণোদনা প্যাকেজের ঋণ প্রাপ্তি সহজীকরণের লক্ষ্যে ৫ বিভাগে নারী-উদ্যোক্তা-ব্যাংকার ম্যাচমেকিং/জেন্ডার সংবেদনশীলতা কর্মশালা আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। ঢাকা, চট্টগ্রাম, সিলেট, রাজশাহী ও রংপুর বিভাগের উদ্যোক্তাদের নিয়ে অনলাইনে আলাদা ৫টি কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় উদ্যোক্তা এবং উদ্যোক্তা প্রতিনিধিরা ঋণ প্রাপ্তির ক্ষেত্রে তাদের ভোগান্তির কথা তুলে ধরেন। অংশগ্রহণকারী ব্যাংক কর্মকর্তাগণ প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ প্রাপ্তির জন্য প্রয়োজনীয় প্রস্তুতি ও ডকুমেন্টেশন বিষয়ে নারী-উদ্যোক্তারদের অবহিত করেন। ০২ মে ২০২১ ঢাকার নারী-উদ্যোক্তাদের নিয়ে কর্মশালায় নারী-উদ্যোক্তা সংশ্লিষ্ট চেম্বার, অ্যাসোসিয়েশনসমূহের সভাপতি, প্রতিনিধিবৃন্দ, ব্যাংকার এবং নারী-উদ্যোক্তাসহ প্রায় ৭০জন অংশগ্রহণকারী যুক্ত ছিলেন। ৩১ মে ২০২১ চট্টগ্রামে, ১৬ জুন ২০২১ রাজশাহী ও রংপুরে এবং ১৭ জুন সিলেটের নারী-উদ্যোক্তাদের নিয়ে কর্মশালার আয়োজন করা হয়। এসব কর্মশালায় ১৫০ নারী-উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

'Online Business Communication & Skill Development' প্রশিক্ষণ

'Online Business Communication & Skill Development' প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের একাংশ

১৩-১৫ অক্টোবর ২০২০ অনলাইনে 'Online Business Communication & Skill Development' বিষয়ে অনলাইনে প্রশিক্ষণের আয়োজন করে এসএমই ফাউন্ডেশনের নারী-উদ্যোক্তা উন্নয়ন উইং। কোভিড-১৯ প্রেক্ষাপটে নারী-উদ্যোক্তাদের ব্যবসায়িক যোগাযোগের ক্ষেত্রে দক্ষতা উন্নয়ন, পণ্য বাজারজাতকরণ কৌশল, নতুন ব্যবসায়িক এটিকেটস, ব্যবসা পরিকল্পনা, প্রোডাক্ট প্রমোশনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণে আলোচনা করা হয়। এছাড়া উৎপাদিত পণ্য বিপণনের জন্য করণীয় ও বর্জনীয় বিষয়সমূহ, আধুনিক প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে ব্যবসার মুনাফা বাড়ানোর উপায় সম্পর্কেও এতে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা হয়। প্রশিক্ষণে ২৫জন নারী-উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

'Negotiation skill development' কর্মশালা

১৪ এবং ১৫ ডিসেম্বর ২০২০ অনলাইনে নারী-উদ্যোক্তাদের জন্য Negotiation skill development কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালা ২টিতে নারী-উদ্যোক্তা সংশ্লিষ্ট চেম্বার ও অ্যাসোসিয়েশনের ৫০জন সদস্য অংশগ্রহণ করেন। রিসোর্সপার্সন হিসেবে শেখ আব্দুর রহিম, যুগ্মসচিব, বাণিজ্য মন্ত্রণালয় সেশন পরিচালনা করেন।

করোনাভাইরাসের ক্ষতি মোকাবেলার প্রস্তুতি নিয়ে মতবিনিময় সভা

১২ নভেম্বর ২০২০ করোনার দ্বিতীয় ঢেউ মোকাবেলায় নারী-উদ্যোক্তাদের প্রস্তুতি নিয়ে ২৩টি নারী চেম্বার, অ্যাসোসিয়েশন ও ট্রেডবডি ও ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সাথে মতবিনিময় সভার আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। মতবিনিময় সভায় এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান, তৎকালীন উপব্যবস্থাপনা পরিচালক এসএম শাহীন আনোয়ার এবং মহাব্যবস্থাপক জনাব ফারজানা খান বক্তব্য রাখেন।

'Preparation for Access to Finance Focused on Stimulus Package for SMEs' সেমিনার

ব্যাংক ঋণ প্রাপ্তি সহজীকরণের লক্ষ্যে বিশেষতঃ করোনার ক্ষতি মোকাবেলায় সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজ থেকে ঋণ প্রাপ্তির

লক্ষ্যে ক্ষুদ্র ও মাঝারি নারী-উদ্যোক্তাদের জন্য 'Preparation for Access to Finance Focused on Stimulus Package for SMEs' সেমিনারের আয়োজন করে এসএমই ফাউন্ডেশন।

'Preparation for Access to Finance Focused on Stimulus Package for SMEs' সেমিনারে অংশগ্রহণকারীদের একাংশ

২৮ ফেব্রুয়ারি ২০২১-০২ মার্চ ২০২১ অনলাইনে আয়োজিত সেমিনারে ঋণ প্রাপ্তির পূর্বশর্ত হিসেবে পরিকল্পিত ব্যবসায়িক করণীয় নির্ধারণ, হিসাবরক্ষণ (Book Keeping) ও আর্থিক ব্যবস্থাপনা, উৎপাদন প্রক্রিয়া ও উৎপাদন পরিকল্পনার বিভিন্ন মডেল আলোচনা, বাজার ও বিপণন ব্যবস্থা বিষয়ে ধারণা, আর্থিক ধারণা ও পরিকল্পনা, বাজার জরিপ চেকলিস্টসহ বিভিন্ন বিষয়ে উদ্যোক্তাদের ধারণা প্রদান করা হয়। পাশাপাশি ঋণ আবেদন প্রক্রিয়া বিশেষতঃ করোনা প্রণোদনা প্যাকেজ থেকে ঋণ প্রাপ্তির জন্য করণীয় ও বর্জনীয় বিষয়ে আলোচনা করা হয়। সেমিনারের সমাপনী অনুষ্ঠানে যুক্ত হন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান এবং মহাব্যবস্থাপক ও নারী-উদ্যোক্তা উন্নয়ন উইং'র প্রধান ফারজানা খান।

নারী-উদ্যোক্তাদের জন্য সহায়ক ডিরেক্টরি প্রকাশ

এসএমই ফাউন্ডেশনের সহায়তায় দেশের নারী-উদ্যোক্তাদের জন্য সহায়ক ২২টি সংস্থা'র তথ্য সম্বলিত একটি ডিরেক্টরি প্রকাশ করেছে International Trade Centre (ITC) SheTrades। ১০ আগস্ট ২০২০ অনলাইনে আয়োজিত ডিরেক্টরি প্রকাশ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন তৎকালীন শিল্পসচিব কে এম আলী আজম। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন এসএমই ফাউন্ডেশনের তৎকালীন ব্যবস্থাপনা পরিচালক মো. সফিকুল ইসলাম এবং আইটিসি শীট্রেডস কমনওয়েলথ, জেনেভা'র প্রোগ্রাম ম্যানেজার Simon Balfe। 'বাংলাদেশ বিজনেস সাপোর্ট অর্গানাইজেশন ডিরেক্টরি' নামে প্রকাশিত এই ডিরেক্টরিতে বাংলাদেশের নারী-উদ্যোক্তাদের জন্য সহায়ক ২২টি সংস্থা'র মধ্যে আইটি ও বিজনেস প্রসেস আউটসোর্সিং (বিপিও) খাতের ৪টি সংস্থা হলো: বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব কল সেন্টার অ্যান্ড আউটসোর্সিং (বিএসিসিও), বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফর্মেশন সার্ভিসেস (বেসিস), বাংলাদেশ উইমেন ইন টেকনোলোজি (বিডাব্লিউআইটি) এবং ই-কর্মাস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ই-ক্যাব)।

নারী-উদ্যোক্তাদের জন্য বিভিন্ন খাতের জন্য সহায়ক ১৫টি সংস্থা হলো: বাংলাদেশ ফেডারেশন অব উইমেন এন্ট্রাপ্রিনিয়রস (বিএফডাব্লিউই), চিটাগাং উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (সিডাব্লিউসিসিআই), ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), ঢাকা উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিডব্লিউসিসিআই), দিনাজপুর উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিডব্লিউসিসিআই), কিশোরগঞ্জ উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (কেডাব্লিউসিসিআই), পটুয়াখালী উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (পিডাব্লিউসিসিআই), রাজশাহী উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (আরডব্লিউসিসিআই), রংপুর উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (আরডব্লিউসিসিআই), শেরপুর উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এসডব্লিউসিসিআই), সিরাজগঞ্জ উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এসডব্লিউসিসিআই), এসএমই ফাউন্ডেশন (এসএমইএফ), সুনামগঞ্জ উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এসডব্লিউসিসিআই), সিলেট উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এসডব্লিউসিসিআই), এবং উইমেন এন্ট্রাপ্রিনিয়রস অ্যাসোসিয়েশন (ডাব্লিউইএ) আর বস্ত্র ও পোশাক খাতের তিনটি সংস্থা হলো: বাংলাদেশ হ্যান্ডিক্রাফটস ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বাংলাক্রাফট), একতা ফেয়ার ট্রেড ফোরাম এবং জুট ডাইভারসিফিকেশন অ্যান্ড প্রোমোশন সেন্টার (জেডিপিসি)। ডিরেক্টরিতে নারী-উদ্যোক্তাদের জন্য এসব সংস্থা'র সেবাসমূহের বিবরণ এবং যোগাযোগের প্রয়োজনীয় তথ্য তুলে ধরা হয়েছে।

